দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ সোমবার ॥ ১১ মে ২০২৬ ॥ ২২ জিলক্বদ ১৪৪৭ ॥ ২৮ বৈশাখ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৩৪৮ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
এ্যাংকর সিমেন্ট
স্থায়িত্বের মজবুত বন্ধন

সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

পুলিশ চলবে আইন অনুযায়ী, কোনো দলের হয়ে নয়: প্রধানমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক
প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, পুলিশ কোনো রাজনৈতিক দলের অনুগত হবে না; বরং প্রচলিত আইন অনুযায়ী ২ এর পাতায় দেখুন

আইজিপি থেকে কনস্টেবল সবাইকে ওভারটাইম ভাতা দেয়ার কথা ভাবছে সরকার

কীর্তনখোলা ডেস্ক
আইজিপি থেকে কনস্টেবল পদ পর্যন্ত সবাইকে ওভারটাইম ভাতা দেওয়ার বিষয়টি সরকার ভাবছে বলে মন্তব্য করেছেন ২ এর পাতায় দেখুন

বর্তমান প্রজন্মকে কোরআনের শিক্ষা ও আদর্শের সুস্পষ্ট ধারণা দিতে হবে

কীর্তনখোলা ডেস্ক
বর্তমান প্রজন্মকে কোরআনের শিক্ষা, ইতিহাস ও আদর্শ সম্পর্কে সুস্পষ্ট ধারণা দিতে হবে বলে মন্তব্য করেছেন বাংলাদেশ ২ এর পাতায় দেখুন

উপজেলা ও পৌরসভা নির্বাচনে এনসিপির ১০০ প্রার্থীর নাম ঘোষণা

কীর্তনখোলা ডেস্ক
স্থানীয় সরকার নির্বাচন ঘিরে প্রথম ধাপে উপজেলা এবং পৌরসভা নির্বাচনে চেয়ারম্যান ও মেয়র পদে ১০০ জন ২ এর পাতায় দেখুন

উপাচার্যকে অবাঞ্ছিত ঘোষণা

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ফের ‘কমপ্লিট শাটডাউন’ ঘোষণা

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল বিশ্ববিদ্যালয়ে চলমান প্রশাসনিক সংকট নতুন করে তীব্র আকার ধারণ করেছে। পদন্নোতি জটিলতা সিন্ডিকেট সভায় নিরসন না হওয়ায় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ তৌফিক আলমকে অবাঞ্ছিত ঘোষণা করে আগামী ১১ মে থেকে ‘কমপ্লিট শাটডাউন’ কর্মসূচি পালনের ঘোষণা দিয়েছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা। রোববার (১০ মে) বিশ্ববিদ্যালয় শিক্ষকদের প্রকাশিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই কর্মসূচির ঘোষণা দেওয়া হয়। এর ফলে বিশ্ববিদ্যালয়ের ক্লাস, পরীক্ষা ও প্রশাসনিক কার্যক্রমসহ সব ধরনের অ্যাকাডেমিক কার্যক্রম বন্ধের আশঙ্কা তৈরি হয়েছে। এর আগে, শিক্ষকদের পদোন্নতির দাবিকে কেন্দ্র করে গত ২০ এপ্রিল থেকে টানা ১০ দিন আন্দোলন চলে। ওই সময় আন্দোলনের কারণে বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কার্যক্রম স্থবির হয়ে পড়ে এবং ক্লাস-পরীক্ষা বন্ধ থাকায় শিক্ষার্থীদের মধ্যে উদ্বেগ দেখা দেয়। পরে ৩০ এপ্রিল বরিশালের বিভাগীয় কমিশনার, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং বিভিন্ন অনুষদের ডিনদের অংশগ্রহণে অনুষ্ঠিত এক বৈঠকে সংকট সমাধানের বিষয়ে আলোচনা হয়। বৈঠকের পর শিক্ষকরা কর্মসূচি শিথিল করলে বিশ্ববিদ্যালয়ে স্বাভাবিক কার্যক্রম ফেরার আশা তৈরি হয়েছিল। আন্দোলনরত শিক্ষকরা জানান, বৈঠকে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত আইন, নীতিমালা ও রীতিনীতি অনুসরণ করে সমস্যা সমাধানের বিষয়ে সমঝোতা হলেও পরে তা বাস্তবায়নে কার্যকর কোনো উদ্যোগ নেওয়া হয়নি, বরং উপাচার্য একক সিদ্ধান্ত গ্রহণের পথে এগিয়েছেন। সংবাদ বিজ্ঞপ্তিতে শিক্ষকরা উল্লেখ করেন, গত ৮ মে রাত ১০টার দিকে নোটিশ দিয়ে পরদিন বেলা ১১টায় জরুরি সিন্ডিকেট সভা আহ্বান করা হয়। ওই সভায় অধিকাংশ সিন্ডিকেট সদস্যের মতামত উপেক্ষা করা হয়েছে এবং চলমান সংকট নিরসনে ২ এর পাতায় দেখুন

ডিজিটাল দক্ষতার পাশাপাশি নৈতিক শিক্ষায়ও শিক্ষিত হতে হবে: তথ্যমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক
তরুণদের মনোজগতে নৈতিকতার মজবুত ভিত্তি না থাকলে মেধা ও প্রযুক্তির সঠিক ব্যবহার নিশ্চিত করা সম্ভব নয় বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন। তিনি বলেন, বর্তমান কৃত্রিম বুদ্ধিমত্তা ও প্রযুক্তির যুগে ভবিষ্যৎ প্রজন্মকে কেবল প্রযুক্তিগতভাবে দক্ষ করলেই চলবে না, ডিজিটাল লিটারেসির পাশাপাশি তাদের নৈতিক শিক্ষায়ও শিক্ষিত করে গড়ে তুলতে ২ এর পাতায় দেখুন

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মাজারে পুষ্পস্তবক অর্পণ এবং দোয়া মোনাজাত করেছেন বরিশাল মহানগর ছাত্রদলের নবঘোষিত কমিটির নেতৃবৃন্দ। এ সময় উপস্থিত ছিলেন বিসিসি প্রশাসক ও অ্যাড. বিলকিস আক্তার জাহান শিরীন ও মহানগর বিএনপির আহ্বায়ক মনিরুজ্জামান খান ফারুক -কীর্তনখোলা

প্রাথমিকে সুপারিশপ্রাপ্ত ১৪ হাজার ৩৮৪ প্রার্থীর তথ্য যাচাইয়ের নির্দেশ

কীর্তনখোলা ডেস্ক
সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে সুপারিশপ্রাপ্ত ১৪ হাজার ৩৮৪ প্রার্থীর পূর্বকার্যকলাপ, কাগজপত্র ও নথি যাচাইয়ে জরুরি নির্দেশনা দিয়েছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। রোববার (১০ মে) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পলিসি ও অপারেশন বিভাগের সহকারী পরিচালক (নিয়োগ) আইরিন পারভীন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, প্রাথমিক ও গণশিক্ষা ২ এর পাতায় দেখুন

নগরবাসীকে বিসিসি প্রশাসকের ঈদ উপহার

নবগ্রাম রোড-চৌমাথা লেকে বসছে আলোক-শব্দের ফোয়ারা

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল মহানগরবাসীর জন্য আসন্ন ঈদ উপহার হিসেবে আরও একটি দৃষ্টিনন্দন ফোয়ারা স্থাপনের কাজ শুরু হয়েছে। নগরীর নবগ্রাম রোড-চৌমাথা লেকে আলো ও শব্দের সমন্বয়ে এ ফোয়ারাটি আসন্ন ঈদুল আজহার আগেই সর্বসাধারণের জন্য উন্মুক্ত করা সম্ভব হবে বলে নগর প্রশাসক আশাবাদ ব্যক্ত করেছেন। ইতোপূর্বে নগরীর কেন্দ্রস্থলে বিবির পুকুরে অনুরূপ একটি ফোয়ারা স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। নবনিযুক্ত প্রশাসক বিলকিস আক্তার জাহান শিরিন দায়িত্ব গ্রহণের পরেই নগরী থেকে অবৈধ স্থাপনা অপসারণের অংশ হিসেবে বেল পার্ক, স্বাধীনতা পার্ক, মুক্তিযোদ্ধা পার্ক ও নবগ্রাম রোড-চৌমহনী লেকের তিন পাড় থেকে সব অবৈধ দোকানপাট ও স্থাপনা অপসারণের উদ্যোগ নেন। পুরো বিষয়টিকে নগরবাসী অত্যন্ত ইতিবাচক দৃষ্টিভঙ্গিতে দেখছেন। নগরীর বেল পার্কটির সৌন্দর্য বর্ধনেও বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে। একই সাথে নবগ্রাম রোড-চৌমহনী লেকের মাঝে মিউজিক্যাল ফোয়ারা স্থাপনের কাজ শুরু হয়েছে। প্রায় ৪৫ লাখ টাকার বিশেষ তহবিলে এ প্রকল্পটির কাজ শুরু হয়েছে গত মাসের শেষ সপ্তাহে। ইতোমধ্যে প্রকল্পটির প্রায় অর্ধেক কাজ শেষ হয়েছে। বাজনার ২ এর পাতায় দেখুন

হাম ও উপসর্গে মারা গেলো আরও ১১ শিশু মৃত্যু বেড়ে ৪০৯

কীর্তনখোলা ডেস্ক
দেশে গত ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গে আরও ১১ শিশুর মৃত্যু হয়েছে। এর মধ্যে হামে আক্রান্ত হয়ে চার শিশু ও উপসর্গ নিয়ে সাত শিশুর মৃত্যু হয়েছে। গতকাল রোববার স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়। এই হিসাব শনিবার সকাল ৮টা থেকে রবিবার সকাল ৮টা পর্যন্ত। স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হাম শনাক্ত হয়েছে ২০৫ জনের। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ৬ হাজার ৮১৯ জনে। ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামে আক্রান্ত হয়ে মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ৬৫ জনে। অন্যদিকে সন্দেহজনক হাম রোগে মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ৩৪৪ জনে। এখন পর্যন্ত হাম ও হামের উপসর্গে মোট মৃত্যুর সংখ্যা ৪০৯। ২ এর পাতায় দেখুন

তরুণ প্রজন্মের মধ্যে ইয়াবা ও মাদকের ব্যবহার ভয়াবহ হারে বাড়ছে: সরোয়ার

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল জেলা আইন-শৃঙ্খলা কমিটির বিশেষ সভায় সদর আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট মজিবর রহমান সরোয়ার প্রধান অতিথির বক্তব্যে বলেছেন, বাংলাদেশে তরুণ প্রজন্মের মধ্যে ইয়াবা ও অন্যান্য মাদকের ব্যবহার ভয়াবহ হারে বাড়ছে। ফলে তাদের বোধশক্তি লোপ পাচ্ছে। যা সমাজে নানা রকম বিশৃঙ্খলা সৃষ্টির অন্যতম কারণ। মাদকের কারণে সমাজে যেন কোনো বিপর্যয় না ঘটে সে ব্যাপারে সবাইকে সজাগ থাকারও পরামর্শ দেন তিনি। রোববার (১০ মে) জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভায় এমপি সরোয়ার বলেন, তরুণ প্রজন্মকে মাদকের ছোবল থেকে রক্ষা করতে হলে বাবা-মাকে সন্তানদের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে তুলতে হবে, তারা কার সাথে মিশছে, কোথায় যাচ্ছে সেদিকে নজর রাখতে হবে। শিক্ষা ও প্রচারণার মাধ্যমে ২ এর পাতায় দেখুন

ঈদ উপলক্ষ্যে টিসিবির ট্রাকে পণ্য বিক্রি শুরু আজ

কীর্তনখোলা ডেস্ক
পবিত্র ঈদুল আজহা উপলক্ষে ভ্রাম্যমাণ ট্রাকে করে ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশের (টিসিবি) পণ্য বিক্রি কার্যক্রম শুরু হচ্ছে আজ সোমবার (১১ মে)। এদিন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির রাজধানীর আগারগাঁও এলাকায় কার্যক্রমের উদ্বোধন করবেন। এ দফায় সারাদেশে ৭২০টি ট্রাকের মাধ্যমে শুক্রবার ছাড়া ২১ মে পর্যন্ত ১০ দিন ভোজ্যতেল, চিনি ও মসুর ডাল বিক্রি করা হবে। প্রতিদিন প্রতিটি ট্রাক থেকে ৪০০ সাধারণ মানুষ সাশ্রয়ী মূল্যে পণ্য কিনতে পারবেন। এ ট্রাক সেলের মাধ্যমে প্রায় ২৮ লাখ ৮০ লাখ ২ এর পাতায় দেখুন

প্রধানমন্ত্রী সব ধর্মের মানুষ নিয়ে আগামীর বাংলাদেশ গঠনে প্রতিশ্রুতিবদ্ধ : রহমাতুল্লাহ

কীর্তনখোলা রিপোর্ট
বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য আবু নাসের মুহাম্মদ রহমাতুল্লাহ বলেছেন, প্রধানমন্ত্রী সব ধর্মের মানুষকে নিয়ে আগামীর বাংলাদেশ গঠনে প্রতিশ্রুতিবদ্ধ। শনিবার (৯ মে) বরিশাল নগরীর ২৬ নং ওয়ার্ডের টিয়াখালী সাগরদী সর্বজনীন শ্রী শ্রী রাধা গোবিন্দ মন্দিরের বার্ষিক কীর্তন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। আবু নাসের বলেন, ধর্মের নামে সমাজ বিভাজনকারীদের জনগণ প্রত্যাখ্যান করেছে। অন্তর্বর্তী সরকারের সময়ে ধর্মের নামে সমাজকে ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেনঃ বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুনঃ
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

উত্তরপত্র দেখতে না দেয়ায় সহপাঠীর ঘুষিতে পরীক্ষার্থী হাসপাতালে

ভাণ্ডারিয়া প্রতিনিধি
পিরোজপুরের ভাণ্ডারিয়া চলমান এসএসসি পরীক্ষায় এক সহপাঠীকে উত্তরপত্র দেখতে না দেওয়ায় মো. মাহফুজ সাদি (১৭) নামে এক পরীক্ষার্থীকে মারধর ও চোখে ঘুষি মেরে গুরুতর আহত করার অভিযোগ উঠেছে। রবিবার (১০ মে) দুপুর ১টার দিকে ভাণ্ডারিয়া বন্দর বালিকা মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রের ৩ নম্বর কক্ষে এই ঘটনা ঘটে। আহত মাহফুজ সাদি উত্তর পূর্ব ভাণ্ডারিয়া গ্রামের মো. সফিকুল ইসলামের ছেলে। বর্তমানে সে ভাণ্ডারিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে। অভিযুক্ত মো. সাকিব (১৭) পূর্ব ভাণ্ডারিয়া গ্রামের মো. মিজানুর রহমানের ছেলে। আহত ও অভিযুক্ত দুজনেই ভাণ্ডারিয়া বিহারী লাল মিত্র পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী। ভুক্তভোগী ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, পদার্থ বিজ্ঞান পরীক্ষা চলাকালীন সময়ে ৩ নম্বর কক্ষে পরীক্ষা দিচ্ছিল মাহফুজ। এ সময় তার সহপাঠী সাকিব তাকে নিজের উত্তরপত্র দেখানোর জন্য চাপ দেয়। মাহফুজ উত্তরপত্র দেখাতে অস্বীকৃতি জানালে সাকিব ক্ষিপ্ত হয়ে ওঠে। পরীক্ষা শেষে দুপুর ১টার দিকে ২ এর পাতায় দেখুন

ঐতিহাসিক ১১ মেঃ কুরআনের ভালোবাসায় রক্তঝরা এক ইতিহাস

মোহাম্মদ ইউসুফ, বিশেষ প্রতিবেদক
বাংলাদেশের কুরআন প্রেমিক জনতার ইতিহাসে ১১ মে একটি তাৎপর্যপূর্ণ দিন হিসেবে স্মরণ করা হয়। ইসলামপন্থী বিভিন্ন সংগঠন এ দিনটিকে “ঐতিহাসিক কুরআন দিবস” নামে পালন করে থাকে। এ দিনটি কুরআনের মর্যাদা রক্ষার আন্দোলনের প্রতীক হিসেবে বিবেচিত। ১৯৮৫ সালের ১২ এপ্রিলের। পদ্মপল চোপরা ও শীতল সিং নামের পার্শ্ববর্তী দেশ ভারতের দু’জন মুসলিমবিদ্বেষী ব্যক্তি কুরআনের সকল আরবি কপি ও অনুবাদ বাজেয়াপ্ত করার জন্য কলকাতা হাইকোর্টে একটি রিট আবেদন করে। রিটের বিবৃতিটি ছিলো, “কুরআনে এমন কিছু আয়াত আছে যেখানে কাফির ও মুশরিকদের হত্যা এবং তাদের বিরুদ্ধে ২ এর পাতায় দেখুন

আকাশে রহস্যময় আলোর রেখাটি ছিল ভারতের ক্ষেপণাস্ত্র পরীক্ষার

কীর্তনখোলা ডেস্ক
উড়িষ্যার আকাশে গত ৮ মে সন্ধ্যায় হঠাৎ দেখা যায় এক রহস্যময় উজ্জ্বল আলোর রেখা। শুধু ভারত নয়, বাংলাদেশের কক্সবাজার-মাদারীপুর থেকেও দেখা গেছে সেই দৃশ্য। বিরল এই ঘটনাটি ঘিরে সামাজিক যোগাযোগমাধ্যমে সাধারণ মানুষের মধ্যে ব্যাপক কৌতুহল ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলাঃ** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলাঃ** পটুয়াখালী, **ভোলা জেলাঃ** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলাঃ** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলাঃ** উজিরপুর প্রতিনিধি আবশ্যক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

কার্যকর নিয়ন্ত্রণ জরুরি

নিত্যপণ্যের বাজার দ্রুত অস্থিতিশীল হয়ে পড়ছে। পাইকারি বা খুচরা উভয় ক্ষেত্রেই দাম লাফিয়ে বাড়ছে। প্রকাশিত খবরে বলা হয়, গত তিন মাসে নতুন করে দাম বেড়েছে চাল, ডিম, ভোজ্যতেল, সবজি, মাছ-মাংস, এলপিজি গ্যাসসহ প্রায় সব পণ্যের। এতে নিম্নবিত্ত ও নিম্নমধ্যবিত্ত পরিবারগুলো সবচেয়ে বেশি বিপাকে পড়েছে। রাজধানীর খুচরা বাজারে গত তিন মাসের ব্যবধানে কয়েকটি সবজির দাম সর্বোচ্চ ১৬৭ শতাংশ পর্যন্ত বেড়েছে। রান্নায় ব্যবহৃত তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) ১২ কেজির সিলিন্ডারের দাম ৪৩ শতাংশ পর্যন্ত বেড়েছে। বাজারে পণ্যের দাম বাড়ানোর জন্য অজুহাতের অভাব হয় না। এখন বড় অজুহাত হচ্ছে মধ্যপ্রাচ্য যুদ্ধ। গত ১৯ এপ্রিল লিটারপ্রতি ডিজেলের দাম বাড়িয়ে ১১৫ টাকা করা হয়। ব্যবসায়ীদের দাবি, এ জন্য পরিবহন খরচ বেড়ে গেছে এবং জিনিসপত্রের দাম বেড়ে যাচ্ছে। আর সে কারণে কি বাজারে ফার্মের মুরগির ডিমের দাম ২২ শতাংশ পর্যন্ত বেড়ে গেছে? কিন্তু এই বৃদ্ধি কতটা যৌক্তিক, তা দেখার কোনো উদ্যোগ বা নিয়ন্ত্রণের ব্যবস্থা নেই। পণ্যের দামের ক্ষেত্রে পরিবহন খরচ বৃদ্ধি কত শতাংশ প্রভাব ফেলতে পারে, তা নির্ণয় করা হয় না। ফলে যে যার মতো সুবিধা নিচ্ছে। আবার সবজি ব্যবসায়ীরা বলছেন, বৃষ্টির কারণে সরবরাহ কমেছে এবং পরিবহন ব্যয় বেড়েছে। ফলে মৌসুমি সবজির উৎপাদন বাড়লেও দাম কমছে না। এ কারণে কাঁচা পেঁপের দাম ১৬৭ শতাংশ পর্যন্ত বাড়তে পারে? কিংবা বেগুনের দাম কেন ১০০ শতাংশ পর্যন্ত বাড়বে? গত বুধবার প্রকাশিত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) হালনাগাদ ভোক্তা মূল্যসূচক (সিপিআই) প্রতিবেদনে দেখা যায়, ২০২৬ সালের এপ্রিলে দেশের গড় মূল্যস্ফীতি বেড়ে দাঁড়িয়েছে ৯.০৪ শতাংশে, যা মার্চে ছিল ৮.৭১ শতাংশ। এই হার মানে গত বছরের এপ্রিল মাসে যে পণ্য বা সেবা ১০০ টাকায় কেনা যেত, তা কিনতে এখন খরচ করতে হচ্ছে ১০৯ টাকা চার পয়সা। ভোক্তারা এলপি গ্যাসের মূল্যবৃদ্ধি নিয়ে সবচেয়ে বেশি ভোগান্তি পোহাচ্ছে। সম্প্রতি দুই দফায় বাড়ানো হয়েছে এলপি গ্যাসের দাম। এতে ১২ কেজির সিলিন্ডারের দাম এক হাজার ৩৫৬ থেকে বেড়ে হয়েছে এক হাজার ৯৪০ টাকা। কিন্তু সেই দামেও সিলিন্ডার পাওয়া যায় না। দোকানগুলোতে দাম নেওয়া হয় দুই হাজার ২০০ টাকার মতো। এভাবে ক্রমাগত দাম বাড়লেও মানুষের আয় কি একই হারে বাড়ছে? না, বাড়ছে না। ফলে মানুষের ভোগান্তি বাড়ছে এবং কমছে শরীরের জন্য প্রয়োজনীয় পুষ্টির চাহিদা পূরণের ক্ষমতা। আবার অপুষ্টির শরীরে বাড়ছে রোগ-ব্যাধির হানা। শুধু তা-ই নয়, চিকিৎসার ব্যয়ও দ্রুত বাড়ছে। বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের (বিআইডিএস) এক গবেষণায় উঠে এসেছে, সাধারণ মানুষের চিকিৎসা ব্যয়ের চাপ আশঙ্কাজনকভাবে বেড়েছে। বর্তমানে দেশের মোট স্বাস্থ্য ব্যয়ের প্রায় ৭৯ শতাংশই মানুষকে নিজের পকেট থেকে বহন করতে হচ্ছে। এতে দরিদ্র পরিবারগুলো সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাদের আয়ের প্রায় ৩৫ শতাংশ পর্যন্ত স্বাস্থ্য ব্যয়ে চলে যাচ্ছে। অনেক পরিবার চিকিৎসা করাতে গিয়ে নিঃস্ব হয়ে যাচ্ছে। আবার অনেকে অর্থাভাবে চিকিৎসাও নিচ্ছে না। গ্যাস্ট্রিক, রক্তচাপ, বাতজ্বর, হাঁপানি ও ডায়াবেটিসের মতো দীর্ঘমেয়াদি রোগে ভুগলেও ৮০ শতাংশের বেশি মানুষ চিকিৎসা নেয় না বলেও তথ্য পাওয়া যায়। অর্থনীতিবিদ ও ভোক্তা অধিকার সংশ্লিষ্ট ব্যক্তিরা বলছেন, কার্যকর বাজার তদারকি অত্যন্ত জরুরি। নিত্যপণ্যে কর-ভ্যাট কমাতে হবে। টিসিবি এবং ওএমএস কার্যক্রম বাড়ানোর পাশাপাশি মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম্য নিয়ন্ত্রণে কার্যকর উদ্যোগ নিতে হবে।

নবগ্রাম রোড-চৌমহনী লেকে

তালে এ ফোয়ারা থেকে বিভিন্ন রঙের আলোকিত পানি শূন্যে উত্তোলন করা হবে। সন্ধ্যা থেকে রাত ১০টা পর্যন্ত ফোয়ারাটি সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে বলে জানা গেছে। বরিশাল-ফরিদপুর-ঢাকা এবং বরিশাল-কুয়াকাটা জাতীয় মহাসড়কের পশ্চিম পাশে নির্মাণাধীন এ ফোয়ারাটি নগরবাসী ছাড়াও কুয়াকাটা পর্যটন কেন্দ্রমুখী পর্যটকদের কাছে বিশেষ আকর্ষণীয় হবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন নগর প্রশাসক শিরিন। এতে নগরীর সৌন্দর্যের পাশাপাশি মর্যাদাও বৃদ্ধি পাবে বলে নগর প্রশাসক আশাবাদ ব্যক্ত করেছেন। তবে এ ফোয়ারা চালুর পাশাপাশি লেকটির চার পাশের সড়ক এবং ওয়াকওয়ে পরিপূর্ণভাবে অবৈধ ও চাঁদাবাজদের দোকানপাট মুক্ত করার কোনো বিকল্প নেই বলে মনে করছেন এলাকাবাসী। তাদের মতে, নগর প্রশাসন এ লেকটির চারধারের অবৈধ স্থাপনা উচ্ছেদ করে একটি সুষ্ঠু ও জনবান্ধব পরিবেশ ফিরিয়ে আনলেও প্রতিদিন বিকেল থেকে অনেক রাত অবধি দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিম পাশে বেশ কিছু অবৈধ দোকান পুনরায় বসছে। একই সাথে লেকটির উত্তর-পশ্চিম কোণ থেকে কোনো অবৈধ স্থাপনা উচ্ছেদই করা হয়নি। বিষয়টি নিয়ে এলাকাবাসী একাধিকবার নগর ভবনের প্রধান নির্বাহী কর্মকর্তাসহ প্রশাসন বিভাগের দায়িত্বশীলদের দৃষ্টি আকর্ষণ করলেও রহস্যজনক কারণে সব কিছু স্থবির হয়ে আছে। অপরদিকে বেল পার্কের সব অবৈধ স্থাপনা উচ্ছেদের পরে সেখানে একটি শ্রান্তি বিনোদনপূর্ণ পরিবেশ ফিরে এলেও প্রায় প্রতি রাতেই পার্কটির অভ্যন্তরে একাধিক ভ্রাম্যমাণ দোকান বসছে। অথচ এ পার্কে সিটি করপোরেশনের তরফ থেকে একাধিক কর্মী কাজ করার কথা। কিন্তু ভ্রমণকারীদের অভিযোগ এখানে কখনোই নগর ভবনের কোনো কর্মীসহ দায়িত্বশীলদের খুঁজে পাওয়া যায়নি। বিষয়টি নিয়ে সিটি করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি 'বিষয়টি নিয়ে খবর নিয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেবেন' বলে জানান।

আকাশে রহস্যময় আলোর রেখাটি

ও জল্পনা শুরু হয়। পরে ভারতের প্রতিরক্ষা মন্ত্রণালয় এক বিবৃতিতে জানায়, এটি কোনো মহাজাগতিক বস্তু ছিল না। এটি ছিল দেশটির পরমাণু অস্ত্র বহনে সক্ষম অত্যাধুনিক 'অগ্নি' সিরিজের একটি আন্তঃমহাদেশীয় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের সফল পরীক্ষা। উড়িষ্যার ড.টর এপিজে আবদুল কালাম দ্বীপ থেকে গত বৃহস্পতিবার এই পরীক্ষা চালানো হয়। তারা জানায়, এটি ছিল অগ্নি ক্ষেপণাস্ত্রের একটি উন্নত সংস্করণ, যা 'মাল্টিপল ইনডিপেনডেন্টলি টার্গেটেড রিঅ্যান্ট্রি ভেহিকেল' (এমআইআরভি) প্রযুক্তিতে সজ্জিত। এই প্রযুক্তির বিশেষত্ব হলো, একটি মাত্র ক্ষেপণাস্ত্র ব্যবহার করে বিশাল ভৌগোলিক এলাকাজুড়ে ছড়িয়ে থাকা একাধিক লক্ষ্যবস্তুতে নিখুঁতভাবে আঘাত হানা সম্ভব। ক্ষেপণাস্ত্রটির সুনির্দিষ্ট মডেলের নাম প্রকাশ না করলেও ভারতের প্রতিরক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, ভারত মহাসাগরীয় অঞ্চলে আগে থেকে নির্ধারিত একাধিক লক্ষ্যবস্তুতে এটি সফলভাবে আঘাত হেনেছে। উপকূলীয় এবং জাহাজভিত্তিক বিভিন্ন ট্র্যাকিং সিস্টেম ও টেলিমেট্রি স্টেশনের মাধ্যমে উৎক্ষেপণ থেকে শুরু করে লক্ষ্যবস্তুতে আঘাত করা পর্যন্ত পুরো পথ পর্যবেক্ষণ করা হয়েছে। মিশনের সমস্ত লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে বলে নিশ্চিত করেছে ভারত। এর আগে, ২০২৪ সালের ১১ মার্চ ভারত প্রথমবারের মতো নিজস্ব প্রযুক্তিতে তৈরি এমআইআরভি ক্ষমতাসম্পন্ন 'অগ্নি-৫' ক্ষেপণাস্ত্রের সফল পরীক্ষা চালিয়েছিল। তবে গত বৃহস্পতিবারের পরীক্ষার পাল্লা নিয়ে আনুষ্ঠানিকভাবে কিছু জানানো হয়নি। যদিও বঙ্গোপসাগরে ৬ থেকে ৯ মে পর্যন্ত জারি করা 'নোট টু মেরিনার্স' (নটমার) অনুযায়ী, এই ক্ষেপণাস্ত্রটির পাল্লা ছিল প্রায় ৩ হাজার ৬০০ কিলোমিটার। ভারতের ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ডিআরডিও) ল্যাবরেটরিতে তৈরি এই ক্ষেপণাস্ত্রের পরীক্ষা প্রত্যক্ষ করেন ডিআরডিওর শীর্ষ বিজ্ঞানী এবং ভারতীয় সেনাবাহিনীর কর্মকর্তারা।

প্রধানমন্ত্রী সব ধর্মের মানুষ নিয়ে আগামীর

বিভক্ত করে একটি অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি করতে চেয়েছিল একটি অপশক্তি। কিন্তু জনগণ নির্বাচনের মাধ্যমে সেই অপশক্তিকে প্রতিহত করেছে। তিনি আরও বলেন, বাংলাদেশ সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ। এখানে সব ধর্মের মানুষ মিলেমিশে বসবাস করছে এবং এই সম্প্রীতির বন্ধন অটুট রাখতে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, বরিশাল জেলা পূজা উদযাপন কমিটির সভাপতি কুন্ডু মুখার্জী, ২৬ নং ওয়ার্ড পূজা উদযাপন কমিটির সভাপতি সঞ্জয় চক্রবর্তী, সাধারণ সম্পাদক পরিক্ষিত গাইন, বরিশাল মহানগর স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক তারেক সোলায়মান, বরিশাল মহানগর বিএনপির নেতা নুরুল মোমেন কোটন, মহানগর স্বেচ্ছাসেবক দলের সদস্য নাজমুস সাকিব, সাবেক কাউন্সিলর ফরিদ উদ্দিন হাওলাদার, ২৬ নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আব্দুল গফফার মোল্লা, জুলাই যোদ্ধা, ২৬ নং ওয়ার্ড শ্রমিক দল নেতা রাসেল ভূঁইয়া, পূজা উদযাপন কমিটির সদস্য পার্থ বিশ্বাস, স্বেচ্ছাসেবক দল নেতা জাহিদুল ইসলাম তপন, জুয়েল তালুকদার এবং যুবদল নেতা আরিফ হোসেনসহ অনেকে।

ঈদ উপলক্ষে টিসিবির

উপকারভোগীর কাছে প্রায় ১৩ হাজার ৯৩৯ মেট্রিক টন পণ্য বিক্রি করা হবে বলে জানিয়েছে টিসিবি। যে কোনো ভোক্তা ট্রাক থেকে পণ্য কিনতে পারবেন। এজন্য টিসিবির স্মার্ট কার্ডের প্রয়োজন হবে না। এবার ভোক্তাপ্রতি সর্বোচ্চ দুই লিটার ভোজ্যতেল প্রতি লিটার ১৩০ টাকা, চিনি এক কেজি ৮০ টাকা ও মসুর ডাল দুই কেজি প্রতি কেজি ৭০ টাকায় বিক্রি করা হবে। অন্যদিকে, টিসিবির প্রায় ৭২ লাখ কার্ডধারী পরিবারের কাছে ঈদ উপলক্ষে মে মাসে প্রায় ৩৪ হাজার ৮৪৮ মেট্রিক টন পণ্য বিক্রি করা হবে। কার্ডধারী পরিবারের কাছে প্রতিমাসে ভর্তুকিমূল্যে বিক্রি করা ভোজ্যতেল, চিনি ও মসুর ডালের পরিমাণ ও মূল্য অপরিবর্তিত থাকবে।

হাম ও উপসর্গে মারা গেল

স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে চিকিৎসা কেন্দ্রে গেছে ১ হাজার ৫০৩ জন। এর মধ্যে হাসপাতালে ভর্তি হয়েছে ১ হাজার ২৭৮ জন। এই সময়ে হাসপাতাল থেকে ছাড়া পেয়েছে ১ হাজার ১১৬ জন। স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, আগের দিনের তুলনায় সন্দেহজনক হামে মৃত্যুর সংখ্যা বেড়েছে। গতকালের বিজ্ঞপ্তিতে এই সংখ্যা ছিল ২৯১। রবিবার লেখা হয়েছে ৩৪৪। ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল এবং শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল থেকে পাওয়া তথ্য ও সংশ্লিষ্ট সিভিল সার্জন কার্যালয়ের তথ্যের সঙ্গে সমন্বয় করে নতুন হিসাব প্রকাশ করা হয়েছে।

তরুণ প্রজন্মের মধ্যে ইয়াবা ও মাদকের

মাদকের ক্ষতিকর প্রভাব সম্পর্কে তরুণদের মধ্যে সচেতনতা সৃষ্টি করারও তাগিদ দেন তিনি। পাশাপাশি মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে বলে জানিয়ে তরুণদের পড়াশোনা, খেলাধুলা ও সৃজনশীল কাজের সাথে যুক্ত রেখে মাদকের কুপ্রভাব থেকে তাদের দূরে রাখা সম্ভব বলেও তিনি উল্লেখ করেন। উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণ করে বক্তারা বলেন, আধুনিক যুগের এক কৌশলগত ফাঁদ হচ্ছে হানিট্র্যাপ। এটা এমন এক কৌশল যার মাধ্যমে টার্গেট ব্যক্তির ব্যক্তিগত দুর্বলতা কাজে লাগিয়ে গোপন তথ্য সংগ্রহ করা হয়। অচেনা ব্যক্তির সঙ্গে অতিরিক্ত ব্যক্তিগত তথ্য শেয়ার না করা, সন্দেহজনক যোগাযোগ এড়িয়ে চলা এবং ডিজিটাল নিরাপত্তা নিশ্চিত করার মাধ্যমে এই ফাঁদ থেকে নিজেকে রক্ষা করা সম্ভব বলেও বক্তারা উল্লেখ করেন। জেলা প্রশাসক মোঃ খায়রুল আলম সুমনের সভাপতিত্বে এ সভায় সিভিল সার্জন ডাঃ এস.এম. মনজুর-এ-এলাহী, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার বেলাল হোসাইন, অতিরিক্ত পুলিশ সুপার মোঃ আলাউল হাসান সহ সামরিক বাহিনীর কর্মকর্তা ও জেলা পর্যায়ের বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রাথমিকে সুপারিশপ্রাপ্ত ১৪ হাজার

মন্ত্রণালয়ের অধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগের শূন্যপদে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের পূর্বকার্যকলাপ এবং জমা দেওয়া কাগজপত্র ও নথি যাচাইয়ের নির্দেশনা দেওয়া হয়েছে। নির্দেশনায় বলা হয়েছে, সহকারী শিক্ষক নিয়োগ-২০২৫ এ প্রাথমিকভাবে নির্বাচিত ১৪ হাজার ৩৮৪ জন প্রার্থীর পুলিশি তদন্তের মাধ্যমে তাদের পূর্বকার্যকলাপ যাচাই করতে হবে। একই সঙ্গে তাদের জমা দেওয়া নথি ও কাগজপত্রের সত্যতাও যাচাই করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হয়েছে।

ডিজিটাল দক্ষতার পাশাপাশি

হবে। রোববার (১০ মে) রাজধানীর ড্যাফোডিল টাওয়ার মিলনায়তনে বাংলাদেশ ছাত্রকল্যাণ ট্রাস্ট আয়োজিত 'সবার আগে বাংলাদেশ দর্শন বাস্তবায়নে নৈতিক শিক্ষার ভূমিকা' শীর্ষক জাতীয় সেমিনার ও শিক্ষাবৃত্তি অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি। তথ্যমন্ত্রী বলেন, বর্তমান সমাজ ও অর্থনীতি দ্রুত ডিজিটালাইজড হয়ে যাচ্ছে। ব্যক্তিগত সংযোগ থেকে শুরু করে ব্যবসা-বাণিজ্য, সবই এখন ডিজিটাল প্ল্যাটফর্ম নির্ভর। তবে দেশের অনেক কাঠামো এখনও সেই গতির সঙ্গে তাল মেলাতে পারছে না। তিনি বলেন, 'আমাদের রাষ্ট্রকে দ্রুত আধুনিক ডিজিটাল চরিত্রে রূপান্তর করতে হবে। একই সঙ্গে সোশ্যাল মিডিয়ায় তরুণদের মূল্যবোধ তৈরিতে সহায়ক কনটেন্ট প্রচারের ওপর গুরুত্ব দিতে হবে। ৫ আগস্টের রাজনৈতিক পরিবর্তনের প্রেক্ষাপট তুলে ধরে মন্ত্রী বলেন, একজন রাষ্ট্রনায়ক বা দায়িত্বশীল ব্যক্তির যদি নৈতিক মানদণ্ড ঠিক না থাকে, তবে তার পরিণতি ভালো হয় না। তিনি বলেন, জন্মগতভাবে মানুষের মধ্যে যে পাশবিক প্রবৃত্তি থাকে, তাকে নিয়ন্ত্রণের জন্য শৈশব থেকেই সুকুমার বৃত্তির চর্চা প্রয়োজন। আমাদের শিক্ষাব্যবস্থা ও কারিকুলামে নৈতিক শিক্ষার প্রতিফলন থাকতে হবে, যাতে শিক্ষার্থীরা ছোটবেলা থেকেই উন্নত মনস্তত্ত্ব নিয়ে বড় হতে পারে। জহির উদ্দিন স্বপন বলেন, অতীতে দেশে দুর্বৃত্তায়নের সংস্কৃতি ছিল, সেসময় ভালো কোনো উদ্যোগ বা সমস্যা নিয়ে কথা বলার পরিবেশ ছিল না। বর্তমানে সেই রুদ্ধশ্বাস পরিস্থিতি থেকে দেশ মুক্ত হয়েছে এবং মুক্ত আলোচনার পরিবেশ তৈরি হয়েছে। এই সুযোগকে কাজে লাগিয়ে একটি নৈতিক সমাজ গঠনে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান তিনি। বাংলাদেশ ছাত্রকল্যাণ ট্রাস্টের ভাইস চেয়ারম্যান অধ্যাপক ড. আব্দুল লতিফ মাসুমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী নুরুল হক।

উপজেলা ও পৌরসভা নির্বাচনে

প্রার্থীর নাম ঘোষণা করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। রোববার (১০ মে) দলের বাংলামোটর কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে প্রার্থীদের নাম ঘোষণা করা হয়। ঘোষিত ১০০ প্রার্থীর মধ্যে ৫০ জন উপজেলা চেয়ারম্যান ও ৫০ জন পৌরসভার মেয়র প্রার্থী রয়েছেন। এর মধ্যে চট্টগ্রাম বিভাগের কক্সবাজার জেলায় সদর উপজেলা চেয়ারম্যান পদে শফিকুল ইসলাম শফিক, উখিয়া উপজেলার চেয়ারম্যান পদে মোহাম্মদ হুসাইন, চাঁদপুর সদর উপজেলার চেয়ারম্যান পদে রশিদ, মতলব উত্তর উপজেলায় চেয়ারম্যান পদে ইদ্রিস, হোমনা পৌরসভা মেয়র পদে রাজু সরকার, ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগর উপজেলার চেয়ারম্যান পদে আমিনুল হক এনসিপির হয়ে প্রতিদ্বন্দ্বিতা করবেন।

বর্তমান প্রজন্মকে কোরআনের

জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। তিনি বলেন, ব্যক্তি, পরিবার, সমাজ ও রাষ্ট্রীয় জীবনে কোরআনের আদর্শ প্রতিষ্ঠার মাধ্যমেই দুর্নীতি, বৈষম্য, সন্ত্রাস ও নৈতিক অবক্ষয়মুক্ত কল্যাণরাষ্ট্র গঠন সম্ভব। ঐতিহাসিক ১১ মে 'কুরআন দিবস' উপলক্ষ্যে রোববার (১০ মে) এক বিবৃতিতে তিনি এ কথা বলেন। বিবৃতিতে মিয়া গোলাম পরওয়ার বলেন, পবিত্র কোরআনের কিছু আয়াত সাম্প্রদায়িক দাঙ্গার উসকানি দেয়, এমন মিথ্যা দাবির প্রেক্ষিতে ১৯৮৫ সালে ভারতের কলকাতার পদ্মপল চোপড়া ও শীতল সিং নামের দুজন ব্যক্তি পবিত্র কুরআন বাজেয়াপ্ত করার জন্য কলকাতা হাইকোর্টে একটি রিট আবেদন করেন। এই ঘৃণ্য অপচেষ্টার খবর ছড়িয়ে পড়লে বাংলাদেশসহ বিশ্বজুড়ে মুসলমানদের মধ্যে তীব্র ক্ষোভ ও প্রতিবাদের ঝড় ওঠে। বাংলাদেশে এর প্রতিবাদে ১০ মে বায়তুল মোকাররম থেকে বিক্ষোভ শুরু হয়। এরই ধারাবাহিকতায় ১১ মে চাঁপাইনবাবগঞ্জের ঈদগাহ ময়দানে স্থানীয় জনতা প্রতিবাদ সমাবেশের ডাক দেয়। তৎকালীন প্রশাসন ১৪৪ ধারা জারি করলেও তা অমান্য করে জনতা সমাবেশে নামে। পুলিশের গুলিতে শহীদ হন শীষ মোহাম্মদ, রশিদুল হক, অষ্টম শ্রেণীর ছাত্র সেলিম, সাহাবুদ্দীন, কৃষক আলতাফুর রহমান সবুর, রিকশাচালক মোক্তার হোসেন, রেলশ্রমিক নজরুল ইসলামসহ আরও অনেকে। এই আন্দোলনের মুখে ভারত সরকার হাইকোর্টে রিট মামলাটি প্রত্যাহার করতে বাধ্য হয় এবং কলকাতা হাইকোর্ট মামলাটি খারিজ করে দেয়। তিনি বলেন, কোরআনের মর্যাদা রক্ষায় জীবন উৎসর্গকারী শহীদদের স্মরণ এবং ইসলামের প্রতি সাধারণ মানুষের ভালোবাসা ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রতি বছর ১১ মে এই দিবসটি পালিত হয়ে আসছে। দিনটি বাংলাদেশের ইসলামী আন্দোলনের ইতিহাসে এক তাৎপর্যপূর্ণ ও বেদনাবিধুর দিন উল্লেখ করে তিনি বলেন, পবিত্র আল-কোরআনের মর্যাদা ও সম্মান রক্ষায় এ দেশের ঈমানদার ছাত্র-জনতা যেভাবে রাজপথে নেমে এসেছিল, তা জাতির ইতিহাসে চিরস্মরণীয় হয়ে থাকবে। কোরআনের অবমাননার প্রতিবাদ করতে গিয়ে বহু তাওহিদী জনতা শাহাদাতবরণ করেছেন, আহত হয়েছেন অসংখ্য মানুষ। তাদের এই আত্মত্যাগ ইসলামী আন্দোলনের ইতিহাসে উজ্জ্বল দৃষ্টান্ত হয়ে থাকবে ইনশাআল্লাহ। তিনি বলেন, আল-কুরআন মানবজাতির মুক্তির সনদ; শান্তি, ন্যায়বিচার ও মানবিক মর্যাদার একমাত্র নির্ভরযোগ্য দিকনির্দেশনা। পৃথিবীর কোনো অপশক্তি কোরআনের আলো নিভিয়ে দিতে পারেনি এবং ভবিষ্যতেও পারবে না। যুগে যুগে ইসলামবিদ্বেষীরা কোরআনের বিরুদ্ধে ষড়যন্ত্র করেছে, কিন্তু মহান আল্লাহ নিজ দায়িত্বে তাঁর কিতাব সংরক্ষণ করেছেন।

আইজিপি থেকে কনস্টেবল

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। রোববার (১০ মে) রাজধানীর রাজারবাগ পুলিশ মিলনায়তনে 'পুলিশ সপ্তাহ-২০২৬' উদযাপন উপলক্ষে 'প্রধানমন্ত্রীর বিশেষ কল্যাণ সভায়' বিশেষ অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, পুলিশ বাহিনীকে একটি জনকল্যাণমুখী ও আধুনিক বাহিনী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সরকারের আর্থিক সংগতি ও সক্ষমতা বিবেচনায় তাদের যৌক্তিক দাবিসমূহ পূরণ করা হবে। পুলিশিং কার্যক্রমকে আরও গতিশীল ও কার্যকর করতে অতিরিক্ত কর্মঘণ্টায় দায়িত্ব পালনকারী পুলিশ সদস্যদের জন্য বিশেষ নীতিমালার ভিত্তিতে ওভারটাইম ভাতা দেওয়া কথা ভাবছে সরকার, যা তাদের মনোবল বৃদ্ধি ও সেবার মান উন্নয়নে সহায়ক হবে। এক্ষেত্রে আইজিপি থেকে কনস্টেবল পদ পর্যন্ত ওভারটাইম ভাতা বিবেচনা করা হতে পারে। তিনি বলেন, দীর্ঘ কর্মঘণ্টা ও অধিক কর্মচাপ বিবেচনায় পুলিশ সদস্যদের শারীরিক ও মানসিক স্বাস্থ্য সুরক্ষায় কেন্দ্রীয় ও বিভাগীয় পুলিশ হাসপাতালকে সুযোগ-সুবিধা বৃদ্ধিপূর্বক আরও আধুনিক ও যুগোপযোগী করে গড়ে তোলা হবে এবং প্রয়োজনীয় পরীক্ষান্তে আরও উন্নত হাসপাতাল নির্মাণ করা হবে। মন্ত্রী বলেন, পুলিশের বিভিন্ন ইউনিটের ভবন/কার্যালয় নির্মাণ ও আবাসন সমস্যা দূরীকরণে বর্তমান সরকার আন্তরিক। এক্ষেত্রে ভূমি অধিগ্রহণসহ প্রয়োজনীয় অর্থের সংস্থান করা সরকারের অগ্রাধিকার তালিকায় রয়েছে। বিগত দুই মাসে দেশে আইনশৃঙ্খলা পরিস্থিতির দৃশ্যমান উন্নতি হয়েছে উল্লেখ করে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আইনশৃঙ্খলা পরিস্থিতি আরও উন্নত করতে চিহ্নিত সন্ত্রাসী, চাঁদাবাজ ও মাদক কারবারিদের বিরুদ্ধে বিশেষ অভিযান চলছে। তথ্যপ্রযুক্তির উন্নতির সঙ্গে সঙ্গে অপরাধের ধরন ও মাত্রা বদলেছে। এক্ষেত্রে পুলিশ সদস্যদের সংশ্লিষ্ট বিষয়ে আধুনিক প্রশিক্ষণ ও দক্ষতা অর্জন করতে না পারলে অপরাধ দমনে কাঙ্ক্ষিত লক্ষ্য ও সাফল্য অর্জন সম্ভব নয়। তিনি আরও বলেন, জুয়া, অনলাইন জুয়া, সাইবার ক্রাইম ও মানিলন্ডারিং প্রতিরোধে আরও যুগোপযোগী আইন প্রণয়নের জন্য এরই মধ্যে একটি কমিটি গঠন করা হয়েছে। এ কমিটির সুপারিশ অনুযায়ী আইন প্রণয়ন করা হবে। সালাহউদ্দিন আহমদ বলেন, মব কালচার পুরোপুরি বন্ধ করার লক্ষ্যে বিদ্যমান আইনকে সংশোধন ও সংযোজন করে যুগোপযোগী করা হবে। মন্ত্রী এসময় পুলিশ বাহিনীকে জনপ্রত্যাশা ও জনআকাঙ্ক্ষা অনুযায়ী দায়িত্ব পালনের নির্দেশ দেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বিশেষ অতিথি হিসেবে আরও বক্তব্য রাখেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরী। স্বাগত বক্তৃতা করেন আইজিপি মো. আলী হোসেন ফকির। ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য রাখেন অতিরিক্ত আইজিপি (ক্রাইম অ্যান্ড অপারেশনস্) খন্দকার রফিকুল ইসলাম।

পুলিশ চলবে আইন

পরিচালিত হবে। রোববার 'পুলিশ সপ্তাহ ২০২৬' উপলক্ষে রাজধানীর রাজারবাগ পুলিশ লাইনস মিলনায়তনে আয়োজিত 'কল্যাণ প্যারেডে' প্রধানমন্ত্রী এ কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, অতীতে একটি 'ফ্যাসিবাদী সরকার' নিজেদের স্বার্থে পুলিশকে জনগণের মুখোমুখি দাঁড় করিয়েছিল। সেই পরিস্থিতি থেকে বেরিয়ে এসে এখন জনগণের বিশ্বাস পুনরুদ্ধার করাই পুলিশের সবচেয়ে বড় চ্যালেঞ্জ। প্রধানমন্ত্রী বলেন, থানায় গিয়ে সাধারণ মানুষ যেন রাষ্ট্রের মালিকানা অনুভব করতে পারেন এবং কোনো ভয় বা সুপারিশ ছাড়াই অভিযোগ জানাতে পারেন এমন পরিবেশ নিশ্চিত করতে হবে। মানুষের বিপদ কমবে এই বিশ্বাস জনগণের মধ্যে তৈরি করাও পুলিশের দায়িত্ব। গত ১২ ফেব্রুয়ারির জাতীয় নির্বাচনে পুলিশের ভূমিকার প্রশংসা করে প্রধানমন্ত্রী বলেন, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন পরিচালনার মাধ্যমে প্রমাণ হয়েছে, পুলিশ চাইলে নিরপেক্ষভাবে দায়িত্ব পালন করতে পারে। তিনি আরও বলেন, আইন প্রয়োগের পাশাপাশি মানবিক আচরণ পুলিশের ভাবমূর্তি উন্নত করবে। মাঠপর্যায়ে পুলিশকে সরকারের 'অ্যাম্বাসেডর' হিসেবেও উল্লেখ করেন প্রধানমন্ত্রী। একই সঙ্গে কোনো নিরপরাধ ব্যক্তি যেন হয়রানির শিকার না হন, সে বিষয়ে সতর্ক থাকার আহ্বান জানান। প্রধানমন্ত্রী বলেন, আধুনিক ও মানবিক পুলিশ বাহিনী গড়ে তুলতে প্রযুক্তিগত দক্ষতা বাড়ানো জরুরি। তিনি কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই), বিগ ডেটা অ্যানালাইসিস, সাইবার সক্ষমতা ও বৈজ্ঞানিক তদন্ত পদ্ধতির বিস্তৃত ব্যবহারের ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় বাংলাদেশ পুলিশকে প্রযুক্তিনির্ভর আধুনিক বাহিনীতে রূপান্তর করতে হবে।

উত্তরপত্র দেখতে না দেয়ায় সহপাঠীর

কেন্দ্রের ভেতরেই মাহফুজের ওপর চড়াও হয় সাকিব। এক পর্যায়ে সাকিব সজোরে মাহফুজের ডান চোখে ঘুষি মারে। এ সময় মাহফুজের আর্তচিৎকারে কক্ষের পরিদর্শক ও অন্যান্য শিক্ষকরা দ্রুত ঘটনাস্থলে ছুটে আসেন। তাকে গুরুতর আহত অবস্থায় উদ্ধার করে তাৎক্ষণিক ভাণ্ডারিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হয়। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক জান্নাতুল মাওয়া জানান, মাহফুজের ডান চোখে প্রচণ্ড আঘাত লেগেছে। বর্তমানে তাকে নিবিড় পর্যবেক্ষণে রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে। তবে চোখের ভেতরে কোনো ইন্টারনাল ফ্র্যাকচার আছে কি না, তা নিশ্চিত হতে একজন চক্ষু বিশেষজ্ঞ ডাক্তার দেখানোর পরামর্শ দেওয়া হয়েছে। আহত মাহফুজের মা আফরিন আক্তার কান্নায় ভেঙে পড়ে বলেন, "আমি এই অন্যায়ের বিচার চাই। সামনে আমার ছেলের রসায়ন পরীক্ষা, কিন্তু আঘাতের ব্যথায় ছেলে এখন মাথা তুলতেই পারছে না। এভাবে পরীক্ষাকেন্দ্রের ভেতর আমার ছেলের ওপর হামলা হলো কেন, আমি প্রশাসনের কাছে তার জবাব চাই।" এ বিষয়ে জানতে চাইলে কেন্দ্র সচিব ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সৈয়দ আজমল হোসেন বলেন, "ঘটনাটি অত্যন্ত দুঃখজনক। একজন পরীক্ষার্থীর ওপর এমন হামলা কোনোভাবেই কাম্য নয়। বিষয়টি আমরা গুরুত্বের সাথে খতিয়ে দেখছি এবং যথাযথ আইনি ও প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে।" এ ঘটনায় পরীক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে।

ঐতিহাসিক ১১ মে: কুরআনের

যুদ্ধের প্রেরণা দেয়া হয়েছে, তাই এই গ্রন্থ সাম্প্রদায়িক দাঙ্গার জন্ম দিতে পারে।" বিচারক মিসেস পদ্মা খাস্তগীর এই মামলা গ্রহণ করেন এবং এ বিষয়ে তিন সপ্তাহের মধ্যে অ্যাফিডেভিট প্রদানের জন্য রাজ্য সরকারের প্রতি নির্দেশ দেয়। এ সংবাদ ছড়িয়ে পড়লে সারাবিশ্বে প্রতিবাদের ঝড় ওঠে। ১০ মে জুমার নামাজ শেষে বায়তুল মোকাররম জাতীয় মসজিদ থেকে ছাত্র-জনতার মিছিল বের হয়। যাতে বাংলাদেশ পুলিশ সরকারি নির্দেশ মোতাবেক লাঠিচার্জ করে। এই বাধার ঘটনাকে কেন্দ্র করে ১১ মে রাজশাহীর চাঁপাইনবাবগঞ্জ ঈদগাহ ময়দানে তৌহিদি জনতা সমাবেশ আয়োজন করেন। পুলিশ সমাবেশে ১৪৪ ধারা জারি করে। উপস্থিত জনতা শুধুমাত্র দু'আ করার অনুমতি চাইলে তৎকালীন ম্যাজিস্ট্রেট ওয়াহিদুজ্জামান মোল্লা তা না দিয়ে পুলিশকে গুলি করার নির্দেশ দেয়। মুহুর্মুহু গুলিতে তাৎক্ষণিক মাটিতে লুটিয়ে পড়ে দশম শ্রেণীর ছাত্র আব্দুল মতিন। হাসপাতালে নেওয়ার পর কর্তব্যরত ডাক্তার তাকে মৃত ঘোষণা করেন। এ ঘটনায় শীষ মোহাম্মদ, রশিদুল হক, ৮ম শ্রেণীর ছাত্র সেলিম, সাহাবুদ্দীন, কৃষক আলতাফুর রহমান সবুর, রিকশাচালক মোক্তার হোসেন ও রেলশ্রমিক নজরুল ইসলাম শহীদ হন। আহত হয় অর্ধ শতাধিক মানুষ। চাঁপাইনবাবগঞ্জের হাসপাতালে তিল ধারণের ঠাঁই না থাকায় আহতদের চিকিৎসার জন্য রাজশাহীতে পাঠানো হয়। ন্যক্কারজনকভাবে রাজশাহী নেয়ার পথেও আহতদের ওপর পুনরায় আক্রমণ চালানো হয়। বাড়ি বাড়ি তল্লাশির নামে হয়রানি করা হয়। নতুন করে পুলিশি নির্যাতনের পাশাপাশি মামলা দায়ের করা হয় এবং কারফিউ জারী করা হয়। চাঁপাইনবাবগঞ্জবাসী পরদিন ১২ মে সকল বাধা উপেক্ষা করে কারফিউ ভেঙে জুমার নামাজের পর নৃশংস হত্যা বর্বরতার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে শোককে শক্তিতে পরিণত করতে রাজপথে নেমে আসে । এ দিকে সারা বাংলাদেশে এমন নির্যাতন ও হত্যাকাণ্ডের প্রতিবাদ জানানো হয়। চাঁপাইনবাবগঞ্জের এমন ঘটনা সারা বিশ্বব্যাপী আলোড়ন সৃষ্টি করে। ১৩ মে প্রশাসনের রক্তচক্ষু উপেক্ষা করে স্বতঃস্ফূর্ত হরতাল পালন করে চাঁপাইনবাবগঞ্জের কুরআনপ্রেমিক মানুষ। মুসলমানরা বিশ্বব্যাপী এমন কাণ্ডজ্ঞানহীন আচরণের প্রতিবাদে ফেটে পড়লে ভারত সরকার তটস্থ হয়ে হাইকোর্ট রায়টি প্রত্যাহারের নির্দেশ দিলে ১৩ মে কলকাতা হাইকোর্টে বিচারপতি বিসি বাসকের আদালতে স্থানান্তরিত করে এটি খারিজ করে দেয়া হয়। এ দিনটিকে স্মরণ করতে প্রতি বছর ১১ মে কুরআন দিবস হিসেবে পালিত হয়ে আসছে।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ফের

কার্যকর কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি। এতে পরিস্থিতি আরও জটিল হয়েছে বলে দাবি করেছেন শিক্ষকরা। রোববার অনুষ্ঠিত শিক্ষকদের সাধারণ সভায় কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হয়। এর মধ্যে রয়েছে ১১ মে থেকে উপাচার্যকে ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষণা, পূর্ণাঙ্গ শাটডাউন কর্মসূচি পালন এবং প্রশাসনিক দায়িত্বে থাকা শিক্ষকদের পদত্যাগ। শিক্ষক নেতারা বলেন, দীর্ঘদিন ধরে তারা আলোচনার মাধ্যমে সংকট সমাধানের চেষ্টা করেছেন। কিন্তু প্রশাসনের পক্ষ থেকে গ্রহণযোগ্য পদক্ষেপ না আসায় কঠোর কর্মসূচি দিতে বাধ্য হয়েছেন। তারা বিশ্ববিদ্যালয়ে স্বচ্ছ, জবাবদিহিমূলক ও অংশীজনভিত্তিক প্রশাসনিক পরিবেশ নিশ্চিত করার দাবি জানান। এদিকে নতুন কর্মসূচির ঘোষণায় শিক্ষার্থীদের মধ্যে আবারও অনিশ্চয়তা ও উদ্বেগ দেখা দিয়েছে। তাদের আশঙ্কা, দীর্ঘমেয়াদি অচলাবস্থার কারণে সেশনজট আরও বাড়তে পারে। দ্রুত সংকট সমাধানে সংশ্লিষ্টদের কার্যকর হস্তক্ষেপ কামনা করেছেন শিক্ষার্থীরা। এ বিষয়ে উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ তৌফিক আলমের কোনো বক্তব্য পাওয়া যায়নি।

আট বছরে দেশে নতুন ১২ মাদক এনেছে চোরাকারবারিরা

কীর্তনখোলা ডেস্ক

দেশে বিভিন্ন সময়ে নতুন নতুন মাদক নিয়ে এসেছে চোরাকারবারিরা। সবচেয়ে বেশি নতুন মাদক এসেছে গত আট বছরে। এই সময়ে দেশে ১২ ধরনের নতুন মাদক প্রবেশ করেছে। এ ছাড়া নতুন আঙ্গিকে হেরোইন ও কোকেনের চালানও এসেছে। মাদকের বিবর্তনের সঙ্গে পাল্লা দিয়ে বদলেছে সেবনকারীদের প্রবণতাও। আশির দশকের শুরুতে যে প্রজন্ম হেরোইনের নেশায় ডুবে ছিল, তারা পরবর্তী সময়ে ফেনসিডিলে ঝুঁকে পড়ে। ১৯৮০ থেকে ২০০৫ সাল পর্যন্ত হেরোইন ও ফেনসিডিল সমানতালে জায়গা ধরে রেখেছিল মাদক জগতে। দুটিই নিস্তেজকারক মাদক। একুশ শতকের শুরুতে নতুন মাদক হিসেবে আসে ইয়াবা। তখন মাদকাসক্তরা এতে আসক্ত হয়। এখনও ইয়াবা তার অবস্থান ধরে রেখেছে এবং অন্য মাদকের চেয়ে বেশিদিন রাজত্ব করছে। ২০২১ সাল থেকে ইয়াবার বাজার দখলের চেষ্টা করছে ক্রিস্টাল মেথ বা আইস। ১৯৫০ সাল থেকে বাংলাদেশে কখন কোন মাদকের চালান ঢুকতে শুরু করে, কোন পথে আসছে, কীভাবে আসছে, কোন মাদক কত দিন বাজার ধরে রেখেছে এবং মাদকাসক্তদের নতুন মাদকে ঝুঁকে পড়ার কারণ ও ঘটনা খোঁজার চেষ্টা করা হয়েছে। প্রাপ্ত তথ্য বিশ্লেষণে দেখে গেছে, ১৯৫০ সাল থেকে স্বাধীনতার পরও এ দেশে প্রধান মাদক ছিল গাঁজা, আফিম, দেশি মদ, ভাং ও তাড়ি। স্বাধীনতার পর গাঁজা ও আফিম উৎপাদন এবং কেনাবেচার জন্য লাইসেন্স নিতে হতো তখনকার সরকারের কাছ থেকে। নির্ধারিত দোকানে বিক্রি করা হতো এ দুই মাদক। স্বাধীনের পর ওইগুলোর সঙ্গে মৃতসঞ্জীবনী সুরা নামে আয়ুর্বেদিক সিরাপ বাজারজাত শুরু হয় বাংলাদেশে। এটিও মাদক। এটি ওষুধ হিসেবে ব্যবহার করা হলেও মাদকের বিকল্প হিসেবে অপব্যবহার হয়। ১৯৭৫ সালের দিকে এটি সরকার বন্ধ করে দেয়। ১৯৮৭ সালে এ দেশে গাঁজা উৎপাদন নিষিদ্ধ এবং ১৯৮৯ সালে বিক্রিও নিষিদ্ধ করা হয়। এর আগে ১৯৮৪ সালে এ দেশে আফিম নিষিদ্ধ করা হয়েছিল। গাঁজা নওগাঁ জেলায় চাষ হতো এবং আফিম আসত ভারত থেকে। তবে আফিম সেভাবে ব্যবহার না হলেও গাঁজা এখনও তার স্থান দখল করে রেখেছে। হেরোইন অনেক আগে থেকে কমবেশি এ দেশে মাদকসেবীদের কাছে ব্যবহার হয়ে এলেও মূলত আশির দশকে এটি বেশি বিস্তৃত হয়। হেরোইন ভারত ও মিয়ানমার থেকে আসে। একই সময় ভারত থেকে সীমান্তপথে ফেনসিডিলের চালানও আসা শুরু করে।

সাগর-নদীতে নৌবাহিনীর অভিযান

যাচ্ছে। সমুদ্রপথে বাণিজ্যিক জাহাজ চলাচলের নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি, দেশের সমুদ্রসীমায় অবস্থানরত জ্বালানিবাহী জাহাজগুলোর নিরাপত্তা বিধানেও বাংলাদেশ নৌবাহিনী গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। একইসঙ্গে দেশের মৎস্যসম্পদ সংরক্ষণ, মাছের নিরাপদ প্রজনন নিশ্চিতকরণ এবং সামুদ্রিক জীববৈচিত্র্য রক্ষায় বাংলাদেশ নৌবাহিনী নিয়মিতভাবে বিভিন্ন অভিযান পরিচালনা করছে। এ ধারাবাহিকতায় বাংলাদেশ নৌবাহিনী গত ১৫ ফেব্রুয়ারি থেকে 'জাটকা নিধন প্রতিরোধ কার্যক্রম-২০২৬' এবং ১৫ এপ্রিল থেকে 'বঙ্গোপসাগরে ৫৮ দিন সব প্রকার মৎস্য আহরণ বন্ধ কার্যক্রম' বাস্তবায়নে নিয়োজিত রয়েছে। 'জাটকা নিধন প্রতিরোধ কার্যক্রম-২০২৬'-এর আওতায় চট্টগ্রাম, কক্সবাজার, চাঁদপুর, খুলনা, বাগেরহাট, বরিশাল, পটুয়াখালী, পিরোজপুর ও বরগুনাসহ দেশের মোট ৯টি জেলায় সমন্বিত অভিযান পরিচালিত হচ্ছে। অভিযানের অংশ হিসেবে বরিশাল এলাকায় বানৌজা তিতাস টহল ও বিশেষ অভিযান পরিচালনা করছে। এছাড়াও অন্যান্য জেলায় নৌবাহিনীর উল্লেখযোগ্যসংখ্যক জাহাজ ও ঘাঁটি মোতায়েন রয়েছে। অভিযান চলাকালীন অবৈধভাবে জাটকা আহরণ প্রতিরোধ এবং ৪৫ সেন্টিমিটার বা তারচেয়ে কম ব্যাস বা ফাঁস বিশিষ্ট নিষিদ্ধ কারেন্ট জাল, মশারি জাল, চায়না দুয়ারি জাল, সুতা জাল ও বাঁধা জাল ব্যবহার করে মাছ শিকার কঠোরভাবে প্রতিরোধ করা হচ্ছে। আইএসপিআর আরও জানায়, আটক করা অবৈধ জাল স্থানীয় প্রশাসন ও মৎস্য কর্মকর্তার উপস্থিতিতে যথাযথ নিয়ম অনুযায়ী ধ্বংস করা হচ্ছে। একইসঙ্গে নদী ও উপকূলীয় এলাকার জেলেদের সরকারি নির্দেশনা মেনে চলতে উদ্বুদ্ধ ও সচেতন করা হচ্ছে। উদ্ধার করা ২৩ সেন্টিমিটারের ছোট আকৃতির ইলিশ বা জাটকা মৎস্য অধিদপ্তরের প্রতিনিধির কাছে হস্তান্তর করা হয়। এ পর্যন্ত অভিযানে প্রায় ৫১৪ কোটি ৬৮ লাখ ৯৩ হাজার ২১০ টাকা মূল্যের ৩ কোটি ৪০ লাখ ৭৮ হাজার ৭০৫ মিটার অবৈধ জাল আটক করা হয়। এছাড়াও, বেহুন্দি, টং জাল, চায়না রিংসহ সর্বমোট ৮৬১টি বিভিন্ন ধরনের নিষিদ্ধ জাল এবং ৩৭ কেজি জাটকাসহ ১টি বোট জব্দ করা হয়। বাংলাদেশ নৌবাহিনীর এ অভিযান আগামী ১৫ মে পর্যন্ত চলমান থাকবে। এদিকে, দেশের মৎস্যসম্পদ সংরক্ষণ এবং মাছের নিরাপদ প্রজনন নিশ্চিতে গত ১৫ এপ্রিল থেকে বঙ্গোপসাগরে ৫৮ দিন সব ধরনের মৎস্য আহরণ বন্ধ নিশ্চিত করতে বাংলাদেশ নৌবাহিনীর ৩টি জাহাজ সমুদ্রে মোতায়েন রয়েছে। বঙ্গোপসাগরে সব ধরনের মৎস্য নৌযান কর্তৃক যেকোনো প্রজাতির মাছ আহরণ বন্ধে নৌবাহিনীর জাহাজ ও ক্রাফট নিয়মিত টহল পরিচালনার পাশাপাশি, প্রয়োজন সাপেক্ষে মেরিটাইম পেট্রোল এয়ারক্রাফটের মাধ্যমে নিয়মিত এয়ার সার্ভেইল্যান্স পরিচালনা করছে। যাতে দেশি বা বিদেশি কোনো নৌযান নিষিদ্ধ সময়ে মাছ আহরণ করতে না পারে। বাংলাদেশ নৌবাহিনী ১৪ এপ্রিলের মধ্যেই সমুদ্রে মাছ ধরায় নিয়োজিত সব নৌযান, ট্রলার ও ফিশিং বোটের উপকূলে ফিরে আসা নিশ্চিত করেছে। এ বিষয়ে জেলেদেরও সচেতন করা হয়েছে এবং তারা নৌবাহিনীকে সহযোগিতা করছে বলেও জানানো হয়। তারপরও নিষিদ্ধ সময়ে কোনো নৌযান যাতে সমুদ্রে মাছ ধরতে না পারে, সে লক্ষ্যে নৌবাহিনীর জাহাজসমূহ সর্বোচ্চ সতর্ক অবস্থানে রয়েছে। গভীর সমুদ্রে দেশি-বিদেশি অবৈধ মৎস্য শিকারিদের অনুপ্রবেশ প্রতিরোধে নৌবাহিনীর জাহাজ, ক্রাফট, বোট এবং অত্যাধুনিক মেরিটাইম পেট্রোল এয়ারক্রাফটের মাধ্যমে সার্বক্ষণিক নজরদারি অব্যাহত রয়েছে। এ অভিযানে রবিবার পর্যন্ত আনুমানিক ২৭ লাখ ৪০ হাজার টাকা মূল্যের ২৩ হাজার ৫০০ মিটার অবৈধ জাল এবং বেহুন্দি, টং জাল, চায়না রিংসহ সর্বমোট ৪১ টি বিভিন্ন ধরনের নিষিদ্ধ জাল আটক করা হয়। সরকার ঘোষিত '৫৮ দিন সব প্রকার মৎস্য আহরণ বন্ধ কার্যক্রম' আগামী ১১ জুন পর্যন্ত চলমান থাকবে। দেশের মৎস্যসম্পদ ও জীববৈচিত্র্য সংরক্ষণে 'ইন এইড টু সিভিল পাওয়ার'-এর আওতায় বাংলাদেশ নৌবাহিনী গত ১ জানুয়ারি থেকে ২৩ মার্চ পর্যন্ত দেশের ১৬টি উপকূলীয় জেলায় 'বিশেষ কম্বিং অপারেশন-২০২৬' পরিচালনা করে। এ অভিযানে প্রায় ১৫৮ কোটি ৩২ লাখ ৭০ হাজার টাকা মূল্যের ২ কোটি ২৬ লাখ ৫৪ হাজার ১৬০ মিটার অবৈধ জাল জব্দ করা হয়। পাশাপাশি ২৩৫৭টি নিষিদ্ধ জাল, ৫টি বোট এবং ৯০৩ কেজি জাটকা উদ্ধার করা হয়। উদ্ধার করা বোট স্থানীয় থানায় হস্তান্তর, জব্দ করা অবৈধ জাল স্থানীয় প্রশাসনের উপস্থিতিতে ধ্বংস এবং জাটকা স্থানীয় এতিমখানায় বিতরণ করা হয়। নৌবাহিনীর এ ধরনের কার্যক্রম জাতীয় সম্পদ ইলিশ-সহ দেশের সামগ্রিক মৎস্যসম্পদ সংরক্ষণ ও সমৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে বলে জানায় আইএসপিআর।

ধর্ষণে অন্তঃসত্ত্বা কিশোরী, সন্তান

ভিত্তিতে তাকে গ্রেফতার করা হয়। র‌্যাবের ভাষ্য অনুযায়ী, ভুক্তভোগী কিশোরী ও আসামি একই গ্রামের বাসিন্দা। ২০২৫ সালের ৩ মে মুদি দোকানে পণ্য কিনতে গিয়ে ওই কিশোরী ধর্ষণের শিকার হন বলে অভিযোগে উল্লেখ করা হয়েছে। পরে পরিবারের সদস্যরা শারীরিক পরিবর্তন দেখে বিষয়টি জানতে পারেন। গত ৪ এপ্রিল সন্তানের মা হন ওই কিশোরী। এ ঘটনায় ভুক্তভোগীর বাবা বাদী হয়ে গত ২৫ এপ্রিল মুলাদী থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা করেন। র‌্যাব-৭ এর সহকারী পরিচালক (মিডিয়া) এ আর এম মোজাফ্ফর হোসেন জানান, গ্রেফতার আসামিকে পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট থানায় হস্তান্তর করা হয়েছে।

বরগুনা এলজিইডি: ৩৬ কোটি টাকার

দেলোয়ার হোসেনের সাবেক সহকারী একান্ত সচিব (এপিএস)। এলজিইডির প্রধান প্রকৌশলী বেলাল হোসেন বরিশাল বিভাগীয় অতিরিক্ত প্রধান প্রকৌশলী শেখ মোহা. নুরুল ইসলামকে অভিযোগ তদন্তের নির্দেশ দিয়েছেন। লিখিত অভিযোগে বলা হয়েছে, এলজিইডির বরগুনা কার্যালয়ে নির্বাহী প্রকৌশলী মো. মেহেদী হাসান খান, জ্যেষ্ঠ সহকারী প্রকৌশলী শ্যামল কুমার গাইন ও গ্রামীণ অবকাঠামো প্রকল্পের সহকারী প্রকৌশলী রাজিব শাহ তাঁদের নিকটাত্মীয়দের পাঁচটি ঠিকাদারি প্রতিষ্ঠানকে স্বজনপ্রীতি করে কাজ পাইয়ে দিয়েছেন। এসব ঠিকাদার কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের রাজনীতির সঙ্গে জড়িত। ওমর আব্দুল্লাহ শাহীন অভিযোগ করেন, গত মার্চ মাসে আমতলী-তালতলী উপজেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ৩৬ কোটি টাকার দরপত্র আহ্বান করে বরগুনা এলজিইডি কার্যালয়। এতে ৭৭টি ঠিকাদারি প্রতিষ্ঠান অংশ নেয়। গত ২০ এপ্রিল চারটি ঠিকাদারি প্রতিষ্ঠানকে অনিয়ম ও অনৈতিকতার আশ্রয় নিয়ে ওই কাজ পাইয়ে দেন নির্বাহী প্রকৌশলী মো. মেহেদী হাসান খানসহ তিন প্রকৌশলী। অভিযোগে উল্লেখ করা হয়, স্বজনপ্রীতির মাধ্যমে অর্থের বিনিময়ে ওই তিন কর্মকর্তা তাঁদের আত্মীয়দের দরপত্রের মাধ্যমে কাজ পাইয়ে দেন। ঠিকাদারি প্রতিষ্ঠান চারটি হলো নির্বাহী প্রকৌশলী মেহেদী হাসান খানের নিকটাত্মীয় বরিশাল এমএস লুৎফুল কবির ট্রেডার্স, শেখ সেলিমের ভাগনে গোপালগঞ্জ জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক শেখ আতিকুর রহমান নুরের ঠিকাদারি প্রতিষ্ঠান এমএস নুর কনস্ট্রাকশন, সহকারী প্রকৌশলী রাজিব শাহর নিকটাত্মীয় নড়াইল জেলার ঠিকাদারি প্রতিষ্ঠান লেলিন-দিপ (জয়েন্ট ভেঞ্চার) এসএম লেলিন ট্রেডার্স, জ্যেষ্ঠ সহকারী প্রকৌশলী শ্যামল গাইনের নিকটাত্মীয় ঝিনাইদহের ঠিকাদারি প্রতিষ্ঠান নিশিত বসু ট্রেডার্স। ওমর আব্দুল্লাহ শাহীন বলেন, বরগুনা এলজিইডির নির্বাহী প্রকৌশলী মো. মেহেদী হাসান খান, জ্যেষ্ঠ সহকারী প্রকৌশলী শ্যামল কুমার গাইন ও গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পের সহকারী প্রকৌশলী রাজিব শাহ ঠিকাদারদের সঙ্গে যোগসাজশে গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আমতলী-তালতলীর ৩৬ কোটি টাকার কাজ তাঁদের নিকটাত্মীয় ও আওয়ামী লীগ নেতার ঠিকাদারি প্রতিষ্ঠানকে দিয়েছেন। এসব দরপত্রে তাঁরা মোটা অঙ্কের ঘুষ নিয়ে কাজ পাইয়ে দেন। তদন্ত করলেই তাঁদের দুর্নীতির বাস্তব চিত্র বেরিয়ে আসবে অভিযোগের বিষয়ে জানতে চাইলে বরগুনা নির্বাহী প্রকৌশলী মো. মেহেদী হাসান খান বলেন, 'আমাদের বিরুদ্ধে কেন অভিযোগ দিয়েছেন, তা যিনি দিয়েছেন, তিনিই বলতে পারবেন। আমি টেন্ডার প্রক্রিয়ায় কোনো অনিয়ম করিনি।' অভিযোগ তদন্তের দায়িত্ব পাওয়া এলজিইডির বরিশাল বিভাগীয় অতিরিক্ত প্রধান প্রকৌশলী তদন্ত কর্মকর্তা শেখ মোহা. নুরুল ইসলাম বলেন, 'অভিযোগ তদন্ত করতে প্রধান কার্যালয় থেকে আমাকে নোটিশ দেওয়া হয়েছে। ১৪ মে তদন্তকাজ শুরু করা হবে।'

২৫ রোগীর জন্য দুটি ফ্যান

দিয়ে বাতাস করতে দেখা যায়। রোগীদের অভিযোগ, গরমের কারণে হাসপাতালে অবস্থান করাই অনেকটা অসহনীয় হয়ে উঠেছে। পর্যাপ্ত ফ্যান ও সুষ্ঠু পরিবেশের অভাবে রোগীদের চিকিৎসাসেবা ব্যাহত হচ্ছে বলেও তারা দাবি করেন। একাধিক রোগীর স্বজন জানান, হাসপাতালে প্রতিদিন রোগীর সংখ্যা বাড়লেও সে অনুযায়ী সুযোগ-সুবিধা বাড়েনি। বেডগুলোর ওপর পর্যাপ্ত ফ্যান না থাকায় রোগীরা মানবেতর অবস্থায় আছেন। দ্রুত অতিরিক্ত ফ্যান স্থাপন ও হাসপাতালের পরিবেশ উন্নয়নের দাবি জানান তারা। এ বিষয়ে হাসপাতালের টিএস তৈয়বুর রহমান জানান,"হাসপাতালে বর্তমানে রোগীর চাপ অনেক বেশি। পুরোনো কিছু ফ্যান নষ্ট থাকায় সাময়িকভাবে সমস্যা তৈরি হয়েছে। দ্রুত নতুন ফ্যান স্থাপন ও নষ্ট ফ্যান মেরামতের ব্যবস্থা নেওয়া হচ্ছে, যাতে রোগীরা স্বস্তিতে চিকিৎসা নিতে পারেন।"

জেলায় শ্রেষ্ঠ খেলোয়ার ও শ্রেষ্ঠ

৮ম শ্রেণির শিক্ষার্থী নাদিরা আক্তার'ফুটবলে পিরোজপুর জেলা পর্যায়ে সেমি ফাইনাল ও ফাইনালে 'শ্রেষ্ঠ খেলোয়ার এবং শ্রেষ্ঠ গোলদাতা নির্বাচিত হয়ে স্বর্ণের আদলে বুট এবং বল অর্জন করে। আগামী ১৫ইমে শুক্রবার বরিশাল বিভাগীয় পার্যয় অংশ নিতে আজ সোমবার থেকে পিরোজপুর জেলা স্টেডিয়াম মাঠে প্রস্তুতি মূলক খেলা চলবে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। জানা গেছে,বর্তমান সরকার র্তণমূল পযর্যায় থেকে ১২ থেকে ১৪বছর বয়সী শিশু,কিশোর থেকে দক্ষ্য ক্রীড়াবীদ গড়ে তোলার লক্ষ্যে এবং তাদের জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে দক্ষ্যতা অর্জনের জন্য 'যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কতৃক 'নতুন কুড়ি স্পোর্টস-২০২৬'আয়োজন করেছেন বলে ভাণ্ডারিয়া উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সৈয়দ আজমল হোসেন ইত্তেফাককে জানান। ঐকর্মকর্তা আরো জানান,গত ১২এপ্রিল থেকে ২৭এপ্রিল পর্যন্ত অনলাইনে এবং অফলাইনে রেজিষ্ট্রেশন করার শেষ দিন থাকলে তা বাড়িয়ে ৩০এপ্রিল পর্যন্ত করা হয়। বাছাই পর্ব শেষে চলতি মাসের গত ২মে উপজেলা থেকে শুরু করে গতকাল ১০মে রবিবার পর্যন্ত জেলা পর্যায় বিভিন্ন ইভেন্টে জেলার সকল উপজেলা থেকে বাছাইকৃতদের প্রতিযোগিতা শেষ হয়। এতে ফুটবলে সেমিফাইনাল এবং ফাইনালে ভাণ্ডারিয়া মজিদা বেগম বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের ৮ম শ্রেণির শিক্ষার্থী নাদিরা'শ্রেষ্ঠ খেলোয়ার ও শ্রেষ্ঠ গোলদাতা হিসাবে চ্যাম্পিয়ন পুরস্কার এবং সনদ অর্জন করে। এদিকে হতদরীদ্র পরিবারের প্রায়১৪বছর বয়সী 'নাদিরা আক্তার'স্বর্ণের বুট ও বল(সোনার আদলে তৈরি)অর্জন করার খবরে তার (নাদিরার) সহপাঠিসহ এলাকাবাসি বাড়িতে ভিড় জমায়। সরেজমিনে গতকাল রবিবার বিকালে খবর সংগহের জন্য একাধিক সাংবাদিক তার বাড়িতে যায়। জানা যায়,বাবা দুলাল আকনের বাড়ি রাজাপুর উপজেলার কানুদাস কাঠি গ্রামে। তবে বৈবাহিক সূত্রে পার্শবর্তী ভাণ্ডারিয়া উপজেলার ৭নম্বর গৌরীপুর ইউনিয়নের ৬নম্বর ওয়ার্ডে উত্তর পৈকখালী গ্রামে আসেন। পরবর্তীতে নানা বাড়িতে থেকে দিন মজুরের কাজ করে জীবন পরিচালনা করে আসছেন। এরই মধ্যে একে একে চার সন্তানের জনক হয় তিনি। একটি ত্রাণের ঘরে বসবাস করে। বড় ছেলে মো. নাঈম ৮ম শ্রেণিতে পড়ার পর আর সামনে আগাতে পারেনি। দরীদ্র বাবার সংসার হাল ধরতে সেও দিন মজুরের কাজ করে। মেঝ ছেলে মো. নাহিদ এবছর এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছে সেজ মেয়ে নাদিরা ভাণ্ডারিয়া মজিদা বেগম বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের ৮ম শ্রেণির শিক্ষার্থী এবং ছোট ছেলে মো.নাফিজ বাড়ি লাগোয়া ৯২নং উত্তর পৈকখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে লেখা পড়া করছে। এসময় নাদিরার সাথে আলাপ কালে সে জানায়, বাড়ি লাগোয়া ৯২নং উত্তর পৈকখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে চতুর্থ শ্রেণিতে লেখা পড়া করার সময় থেকেই নাদিরা স্কুল থেকে যে কোন সরকারি খেলা-ধুলায় অংশ নিয়ে স্থানীয় .ইউনিয়,উপজেলা পর্যায় থেকে বরিশাল বিভাগীয় পর্যায় পর্যন্ত ফুটবলে চ্যাম্পিয়ন পুরস্কারসহ বিভিন্ ইভেন্টেবহু পুরস্কার অর্জন করে। সর্বশেষ 'নতুন কুড়ি স্পোর্টস-২০২৬ এ অংশ নিয়ে পিরোজপুর জেলা পর্যায় শ্রেষ্ঠ খেলোয়ার এবং শ্রেষ্ঠ গোলদাতায় চ্যাম্পিয়ন হয়। আলাপ কালে 'নাদিরা বলেন,বাবার অর্থিক অবস্থা এতোটাও ভাল না যে, আমাকে কোন ক্লাব বা ভালো কোচ দ্বারা খেলা শিখাবে !!'তবে আমি দৃঢ়তার সাথে বলতে পারি যদি ভলো কোন কোচ(প্রশিক্ষানার্থী) বা ভালো কোনো ক্লাবের মাধ্যমে খেলা শিখতে পারি তাহলে আমার ধৈর্য এবং সাহসিকতা দিয়ে দেশের ভালো একজন নারী ফুটবলার হতে পারব'। তার পরেও আমি নতুন কুড়িতে রেজিষ্ট্রেশন করেছি বাকিটা আল্লাহ্র রহমত !! এসময় নাদিরা তার এই সফলাতাকে ধরে রাখতে সকলের দোয়া কামনা করে। অন্যদিকে ৯২নং উত্তর পৈকখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোসাম্মৎ মাকুল বেগমের সাথে আলাপ কালে তিনি জানান,নাদিরা একজন ভালো স্পোর্টসম্যান। যদি কোন ভাবে ওকে একটু আর্থিক সহোযোগিতা করা যায় তাহলে মেয়েটি একজন দক্ষ নারী ফুটবলার তৈরী হয়ে দেশ বিদেশের সুনাম অর্জন করার মতো ট্যালেন্ট ওর মধ্যে আছে। 'ভাণ্ডারিয়া মজিদা বেগম বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের ক্রীড়া শিক্ষক সোমাম্মৎ বুশরা আক্তার জানান, নাদিরা আমাদের স্কুলের বর্গ। ওকে একটু খেলার যে ধরন তাতে একটু প্রশিক্ষন দিলেই ও(নাদিরা) একজন ভালো নারী ফুটবলার হতে পারবে। সে দক্ষতা ওর মধ্যে আছে। ঐ বিদ্যালয়রে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. মনির হোসেন হাওলাদার জানান,নাদিরার মধ্যে যে ট্যালেন্ট আছে তার সাথে একটু প্রশিক্ষন পেলেই একজন ভালো ফুটবলার হতে পারবে। কিন্তু ওদের আর্থিক অবস্থা খুব নাজুক। আর্থিক ভাবে স্বচ্ছল হলে যে কোন একজন ভালো প্রশিক্ষক বা ভালো কোন ক্লাবে যেতে পারলে এক জন ভালো দক্ষ নারী ফুটবলার হতে পারবে।

মঠবাড়িয়ায় গৃহবধূকে

খালেদা শিশু সন্তান নিয়ে শ্বশুর বাড়িতে থাকতেন। কিন্তু বিভিন্ন সময় শাশুড়ী রাবেয়া ও দেবর রায়হান তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে খালেদার গায়ে হাত তুলতো। এমনকি শ্বশুর ছগির ঘরামীও মাঝে মধ্যে স্ত্রী ও সন্তানের সাথে পুত্রবধূকে নির্যাতন করত। এ ঘটনায় খালেদা সম্প্রতি বাবার বাড়িতে চলে আসে। পরে স্বামীসহ পরিবারের লোকজনের সমঝোতায় আবার স্বামী বাড়িতে যায়। জসিম বিশ্বাস আরও জানান, রোববার সকাল সাড়ে ৮টার দিকে খালেদা তাকে ফোন দিয়ে বাবার বাড়িতে নিয়ে যাওয়ার জন্য বলে। পরে খালেদার কাছ থেকে ফোন কেড়ে নিয়ে শ্বশুর ছগির ঘরামী ও শাশুড়ী রাবেয়া খুব উত্তেজিত অবস্থায় কথা বলেন। এর আধা ঘণ্টা পরে খালেদার শ্বশুর তাকে ফোন দিয়ে খালেদা অসুস্থ হয়ে পড়েছে বলে জানান। এর মধ্যে অন্য এক লোক ফোন দিয়ে খালেদা আত্মহত্যা করেছে বলে জানান। পরে আমরা স্থানীয় ইউপি সদস্যসহ ঘটনা স্থলে গিয়ে দেখি খালেদার মরদেহ বসত ঘরের মেজেতে পড়ে আছে। নিহত খালেদার বাবা নাসির বিশ্বাস জানান, তার মেয়েকে শ্বশুর বাড়ির লোকজনে গলা টিপে হত্যা করে আত্মহত্যার প্রচার চালাচ্ছে। এদিকে খালেদা নিহতের পরে শাশুড়ী রাবেয়া ও দেবর রায়হান পলাতক রয়েছে। মঠবাড়িয়া থানা অফিসার ইনচার্জ মো: রবিউল ইসলাম জানান, নিহত এক সন্তানের জননী খালেদার লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পিরোজপুর জেলা মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্তের রিপোর্টের পরে বলা যাবে হত্যা না আত্মহত্যা। তবে এব্যাপারে থানায় একটি অপমৃত্যু মামলা দায়ের হয়েছে।

পাকিস্তানের মাধ্যমে মার্কিন

রাষ্ট্রীয় সংবাদ সংস্থা ইরনা এক প্রতিবেদনে জানিয়েছে, 'ইরান আজ পাকিস্তানি মধ্যস্থতাকারীদের মাধ্যমে যুদ্ধ বন্ধের লক্ষ্যে যুক্তরাষ্ট্রের প্রস্তাবিত সর্বশেষ প্রস্তাবের জবাব পাঠিয়েছে।' তবে ইরানের পাঠানো এই জবাবে ঠিক কী কী শর্ত বা বার্তা রয়েছে, সে বিষয়ে বিস্তারিত কোনো তথ্য প্রকাশ করেনি ইরনা। এদিকে ইসলামাবাদ থেকে আল জাজিরার প্রতিনিধি কামাল হায়দার জানিয়েছেন, যুক্তরাষ্ট্রের দেওয়া প্রস্তাবের বিপরীতে ইরানের পাঠানো জবাব হাতে পাওয়ার বিষয়টি নিশ্চিত করেছে পাকিস্তান। মার্কিন প্রস্তাব পর্যালোচনা করছে ইরান, পাকিস্তানের মাধ্যমে জানানো হবে প্রতিক্রিয়ামার্কিন প্রস্তাব পর্যালোচনা করছে ইরান, পাকিস্তানের মাধ্যমে জানানো হবে প্রতিক্রিয়া কামাল হায়দার বলেন, 'পাকিস্তানি কর্তৃপক্ষ নিশ্চিত করেছে যে তারা মার্কিন প্রস্তাবের বিপরীতে ইরানের জবাবটি হাতে পেয়েছে। এখন পাকিস্তান যেহেতু এটি গ্রহণ করেছে, তাই দেখার বিষয় হলো কত দ্রুত তারা এই বার্তা মার্কিন যুক্তরাষ্ট্রের কাছে পৌঁছে দেয় এবং এর ওপর ওয়াশিংটনের প্রতিক্রিয়া কী হয়।'

আলোচনায় অগ্রগতি না হলে 'প্রজেক্ট

চলাচল নিশ্চিত করা। শনিবার (৯ মে) মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এই মন্তব্য করেছেন। হোয়াইট হাউসের সামনে সাউথ লনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ট্রাম্প বলেন, যদি কোনো অগ্রগতি না হয়, তাহলে আমরা আবার প্রজেক্ট ফ্রিডমে ফিরে যেতে পারি। তবে সেটি হবে 'প্রজেক্ট ফ্রিডম প্লাস'। যুক্তরাষ্ট্র গত সোমবার ৪ মে অপারেশন প্রজেক্ট ফ্রিডম শুরু করেছিল। তবে পরদিনই ট্রাম্প সাময়িকভাবে এই অভিযান স্থগিতের ঘোষণা দেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। দ্য জেরুজালেম পোস্টের এক প্রতিবেদনে বলা হয়েছে, সৌদি আরবের আকাশসীমা ব্যবহারে নিষেধাজ্ঞা এবং প্রিন্স সালমানের চাপেই ওই অভিযানে ইস্তফা দিতে বাধ্য হয়েছিলেন ট্রাম্প। তবে ট্রাম্প জানান, পাকিস্তান ও আরও কয়েকটি দেশের অনুরোধে তিনি এই উদ্যোগ সাময়িকভাবে স্থগিত রাখতে সম্মত হয়েছেন। প্রসঙ্গত, জেনেভা শহরে আলোচনা চলা অবস্থায় গত ২৮ ফেব্রুয়ারি ইরানে হামলা চালায় মার্কিন-ইসরায়েলি যৌথবাহিনী। এতে আয়াতুল্লাহ আলি খামেনিসহ বেশকিছু শীর্ষ কর্মকর্তা নিহত হন। একই দিনে মিনাব শহরের শারজাহ তায়্যিবাহ প্রাথমিক বিদ্যালয়ে মার্কিন টমাহক মিসাইল হামলায় ১৬৮ জন শিক্ষার্থী নিহত হয়। এই ঘটনাকে যুদ্ধাপরাধ বলে ঘোষণা দিয়েছে ইরান সরকার। এর প্রতিবাদে টানা ৩৯ দিনে ইসরায়েল ও মধ্যপ্রাচ্যে থাকা মার্কিন ঘাঁটিগুলোতে ১০০ দফা হামলা চালায় ইরান। এরপর ইরানের ১০ দফা প্রস্তাবের ভিত্তিতে ৭ এপ্রিল যুদ্ধবিরতির প্রস্তাব দেন ট্রাম্প। পাকিস্তানের মধ্যস্থতায় ৮ এপ্রিল যুদ্ধবিরতি কার্যকর হয় এবং ১১ এপ্রিল ইসলামাবাদে সরাসরি বৈঠক করেন দুই দেশের প্রতিনিধিরা। আলোচনা ফলপ্রসূ না হওয়া ১৩ এপ্রিল হরমুজে নৌ-অবরোধ আরোপ করা হয়। এরপর আরেক দফা যুদ্ধবিরতির সময় বাড়ান ট্রাম্প। ইরানের লিগ্যাল মেডিসিন সংস্থার তথ্যমতে, ২৮ ফেব্রুয়ারি থেকে ১০ এপ্রিল পর্যন্ত সংঘাতে মোট ৩ হাজার ৩৮০ জন নিহত হন, যার মধ্যে ২ হাজার ৮৭৫ জন পুরুষ এবং ৪৯৬ জন নারী। এছাড়া জরুরি চিকিৎসা বিভাগের তথ্য অনুযায়ী, এই যুদ্ধে ১১৮ জন চিকিৎসাকর্মী আহত হন এবং ২৬ জন নিহত হন।

পিরোজপুরের মরিচের ঝাঁজ

উপজেলার আটঘর, কুড়িয়ানা, মাহামুদকাঠি ও কামারকাঠি এবং নাজিরপুর উপজেলার বেলুয়া, মুগারঝোড়, বৈঠাকাটা ও বিলডুমুরিয়াসহ বিভিন্ন এলাকায় এখন ব্যাপকভাবে এ মরিচের চাষ হচ্ছে। আল আমিন ও বাবু হালদার নামে দুই কৃষক জানান, একটি গাছ উৎপাদন মৌসুমে টানা সাত থেকে আট মাস ফল দেয়। প্রতিটি গাছে চারশ থেকে এক হাজার পর্যন্ত মরিচ পাওয়া যায়। মৌসুমভেদে প্রতিটি মরিচ ৩ থেকে ১০ টাকা পর্যন্ত বিক্রি হয়। ফলে অল্প জায়গায় অধিক লাভ হওয়ায় কৃষকদের মধ্যে এ চাষের আগ্রহ দিন দিন বাড়ছে। জিয়ারুল নামে এক ব্যবসায়ী জানান, ২০১২ সালে প্রথমবারের মতো পিরোজপুর থেকে জাপানে বোম্বাই মরিচ রপ্তানি করা হয়। এরপর থেকে প্রতিবছর নিয়মিতভাবে বিদেশে মরিচ পাঠানো হচ্ছে। বর্তমানে চীন, জাপান ও থাইল্যান্ডে এর চাহিদা উল্লেখযোগ্য হারে বেড়েছে। স্থানীয়ভাবে 'বোম্বাই মরিচ' নামে পরিচিত ঘৃত্তকুমারী জাতের এই মরিচে রয়েছে তীব্র ঝাল ও মনোমুগ্ধকর ঘ্রাণ। এসব বৈশিষ্ট্যের কারণে এর ব্যাপক চাহিদা রয়েছে। বর্তমানে পিরোজপুর থেকে প্রতি বছর প্রায় ৩০০ টন বোম্বাই মরিচ বিদেশে রপ্তানি হচ্ছে। এতে আয় হচ্ছে কয়েক কোটি টাকার বৈদেশিক মুদ্রা। কৃষি বিভাগ বলছে, অনুকূল আবহাওয়া ও মাটির গুণাগুণের কারণে পিরোজপুরের বোম্বাই মরিচের স্বাদ ও ঝালের বিশেষত্ব তৈরি হয়েছে। সঠিক পরিকল্পনা ও সরকারি সহায়তা পেলে এ খাত থেকে আরও বেশি বৈদেশিক মুদ্রা অর্জনের সম্ভাবনা রয়েছে। পিরোজপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক সৌমিত্র সরকার বলেন, বোম্বাই মরিচ একটি অত্যন্ত লাভজনক ফসল। উৎপাদন আরও বাড়ানো গেলে বিদেশি বাজারের সঙ্গে কৃষকদের সরাসরি সংযোগ তৈরির উদ্যোগ নেওয়া হবে।

ম্যানেজিং কমিটির সভাপতির

জাল করে ২ লাখ ৭৩ হাজার ৪ শত ৫ টাকার ভুয়া বিল-ভাউচার তৈরি করে রূপালী ব্যাংকের বরিশাল চক বাজার শাখায় দাখিল করেন। সন্দেহ হলে ওই শাখার ব্যবস্থাপক বাদীকে বিষয়টি জানান। বাদী এ ঘটনায় আদালতে মামলা করলে, তদন্তকারী কর্মকর্তা ঝালকাঠি জেলা সিআইডির এসআই নিউটন অধিকারী অভিযোগের সত্যতা পাওয়ায় ওই ২ শিক্ষকের বিরুদ্ধে চার্জশিট দাখিল করেন। এরপর ওই ২ শিক্ষক জামিন আবেদন করলে আদালত তা নামঞ্জুর তাদেরকে কারাগারে প্রেরণ করেন।

কাউখালীতে চোরচক্রের মূল

পুলিশ। কাউখালী থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ ইয়াকুব হোসাইন জানান, আটক দেলোয়ারের বিরুদ্ধে থানায় মামলা করা হয়েছে এবং তাকে আদালতের মাধ্যমে পিরোজপুর জেল-হাজতে প্রেরণ করা হয়েছে। তার বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা রয়েছে বলেও জানান তিনি। কাউখালী থানার ওসি (তদন্ত) এবাদ আলী জানান, উপজেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে মাদক, চুরি ও সন্ত্রাসবিরোধী অভিযান অব্যাহত রয়েছে।

পানি তোলার গভীর নলকূপ

ও আলোচনা সৃষ্টি করেছে। আশপাশের বিভিন্ন এলাকা থেকে মানুষ ঘটনাটি দেখতে ভিড় করছেন এবং অনেকে মোবাইল ফোনে ভিডিও ধারণ করছেন। প্রত্যক্ষদর্শীরা বলছেন, নলকূপের মূল পাইপ বন্ধ থাকলেও ভেতরে এখনো বুদবুদ শব্দ শোনা যাচ্ছে। তবে এটি প্রকৃত প্রাকৃতিক গ্যাস নাকি অন্য কোনো কারণে এমন পরিস্থিতি তৈরি হয়েছে, তা নিশ্চিত হতে পরীক্ষা-নিরীক্ষা প্রয়োজন বলে মনে করছেন স্থানীয় সচেতন মহল। রাঙ্গাবালীর ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) খায়রুল হাসান বলেন, বিষয়টি তিনি অবগত হয়েছেন। নলকূপ থেকে গ্যাস নির্গত হওয়ার ঘটনা খোঁজ নেওয়া হবে।

ঝালকাঠিতে জেলা আইন-শৃঙ্খলা

নিয়ে এ সভায় আলোচনা করা হয়। এছাড়া নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, সরকারি সেবা কার্যক্রমের স্বচ্ছতা, স্বাস্থ্যসেবা পরিস্থিতি, আসন্ন মৌসুমে কৃষকদের সহায়তা এবং জেলায় সামাজিক সম্প্রীতি বজায় রাখার বিষয়েও মতবিনিময় করেন বক্তারা। জেলার শান্তি-শৃঙ্খলা রক্ষায় সকলকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানান বক্তারা।

নববধূকে পুকুর থেকে তুলে ধর্ষণ

গত ৬ মে বুধবার দুপুরে তার স্ত্রী আশ্রয়ন প্রকল্প সংলগ্ন একটি পুকুরে গোসল করতে যান। এসময় আশ্রয়নে বসবাসরত খোকন হাওলাদার সেখানে এসে অশালীন আচরণ শুরু করে। অভিযোগে বলা হয়, একপর্যায়ে খোকন জোরপূর্বক ওই নারীকে ধরে নিজের রান্নাঘরে নিয়ে গিয়ে ধর্ষণের চেষ্টা চালায়। এসময় ভুক্তভোগীর চিৎকারে স্থানীয় লোকজন এগিয়ে এলে অভিযুক্ত পালিয়ে যায়। ভুক্তভোগী ওই নারীর অভিযোগ, অভিযুক্ত তার শরীরের স্পর্শকাতর স্থানে হাত দিয়ে শ্লীলতাহানির চেষ্টা করে। ধর্ষন চেষ্টায় ব্যার্থ হয়ে সে পালিয়ে যায়। পরে ঘটনাটি পরিবারকে জানানো হলে স্থানীয়ভাবে মীমাংসার চেষ্টা হলেও কোনো সমাধান হয়নি। পরে থানায় মামলা করা হয়েছে। ভুক্তভোগীর শ্বশুর কাঞ্চন মিয়া বলেন, "খোকন দীর্ঘদিন ধরে আমার পুত্রবধূকে কুপ্রস্তাব দিয়ে আসছিল। বুধবার টাকার প্রলোভন দেখিয়ে ধর্ষণের চেষ্টা করে। পরে আমাদের পরিবারকে বিভিন্নভাবে হুমকি দেওয়া হয়। তাই বাধ্য হয়ে থানায় মামলা করেছি।" এ বিষয়ে নেছারাবাদ থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. মেহেদী হাসান জানান, অভিযোগের ভিত্তিতে মামলা রেকর্ড করা হয়েছে। অভিযুক্তকে গ্রেফতার করে আদালতে পাঠানো হয়েছে।

পটুয়াখালীতে চড়া মাছের

সপ্তাহে কেজিপ্রতি ৮০ থেকে ১২০ টাকা পর্যন্ত দাম বেড়েছে পাইকারি বাজারে। চাষের পাঙাশ বিক্রি হচ্ছে ২৫০ থেকে ৩০০ টাকায়, তেলাপিয়া ২৩০ টাকা, শিং ৪৫০ টাকা, নদীর পোমা ৩৫০ থেকে ৪০০ টাকা, তুলার ডাঁটি ৩৫০ থেকে ৩৮০ টাকা। তবে বাজারে ইলিশের দেখা মিলছে না বললেই চলে। মাছ কিনতে আসা ক্রেতা আব্দুস সালাম বলেন, সকালে মাছ বাজার ঘুরে দেখলাম নদীর দু-একটা মাছ ছাড়া বেশিরভাগই চাষের মাছ, দামও অনেক বেশি। ইলিশ কিনতে এসেছিলাম, কিন্তু বাজারে পেলাম না। পটুয়াখালী পাইকারি মাছের আড়তদার জব্বার ফকির বলেন, দুই মাস নদীতে মাছ ধরা বন্ধ ছিল। আবার বর্তমানে ৫৮ দিন সমুদ্রে মাছ ধরা বন্ধ থাকায় সমুদ্র থেকে কোনো মাছ আসছে না। তাই দাম কিছুটা বেড়েছে। তবে মাছ ধরা শুরু হলে দাম আবার স্বাভাবিক হয়ে যাবে। পটুয়াখালী জেলা মৎস্য কর্মকর্তা বিজন কুমার নন্দী বলেন, জাটকা সংরক্ষণে মার্চ ও এপ্রিল দুই মাস সফলভাবে সম্পন্ন হয়েছে। বর্তমানে নদীতে জেলেদের জালে ইলিশসহ অন্যান্য মাছ ধরা পড়ছে। আশা করছি সমুদ্রে ৫৮ দিন মাছ ধরা বন্ধের উদ্যোগও সফল হবে। এরপর সমুদ্রে ইলিশসহ নানা প্রজাতির মাছ জেলেদের জালে আবারও ধরা পড়বে।

মঠবাড়িয়ায় ১৩ মণ মাছের

আদালত ও কোস্ট গার্ড সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে পটুয়াখালীর রাঙ্গাবালী থেকে বাগেরহাটের রামপালগামী একটি নৌযান অনুসরণ করে নেছারাবাদ কোস্টগার্ড টিমের অভিযানে তাদের আটক করা হয়। এ সময় সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুদীপ্ত দেবনাথের ভ্রাম্যমাণ আদালত পরিচালনায় দাকোপা গ্রামের মো. রেজওয়ান (৩৮), মো. রেদওয়ান (২৮), দেলোটি পাইকগাছা গ্রামের মো. মুস্তাঈন (৩৫), দাকোপা গড়খালী বটবুনিয়া গ্রামের মো. জাকির গাজী (৪১), দাকোপা গড়কালী গ্রামের মো. সিরাজ সরদার (৫৮) পাইকপাড়া দেলোটি গ্রামের মো. তুহিন শেখ (২৬) এবং একই এলাকার মো. পলাশকে (৪০) ১৭ দিনের বিনাশ্রম কারাদণ্ড দেন। অভিযানে উপজেলা মৎস্য কর্মকর্তা মোজাম্মেল হক উপস্থিত ছিলেন। নেছারাবাদ কোস্টগার্ড পেটি কর্মকর্তা শামীম পারভেজ জানান, সাজাপ্রাপ্তদের জেল হাজতে পাঠানো হয়েছে। এছাড়া জব্দকৃত মূল্যবান রেনু পোনাগুলো জনসম্মুখে বলেশ্বর নদীতে অবমুক্ত করা হয়েছে। দেশের মৎস্য সম্পদ রক্ষায় এ ধরনের অভিযান নিয়মিত চলবে।

১৫০ বছরের ইতিহাস, অথচ

এটি কাঠ, গোলপাতা এবং পরবর্তীতে টিন ও ইটের দেয়ালে রূপ পায়। তবে, দীর্ঘদিনের পুরোনো জরাজীর্ণ দেয়ালের পলেস্তারা ধসে ও ফাটল দেখা দেওয়ায় মুসল্লিদের নিরাপত্তার কথা ভেবে কমিটি পুরোনো কাঠামোটি ভেঙে ফেলে। পুরোনো মসজিদের ইট ও সামান্য কিছু অর্থ নিয়ে দেড় বছর আগে একটি নতুন একতলা ভবন নির্মাণের কাজ শুরু হয়েছিল। কিন্তু অর্থাভাবে গত ছয় মাস ধরে সেই কাজ সম্পূর্ণ বন্ধ রয়েছে। বর্তমানে মসজিদটি কেবল পিলারের ওপর দাঁড়িয়ে আছে, নেই কোনো ছাদ কিংবা দেয়াল। স্থায়ী ভবন না থাকায় বাধ্য হয়ে মুসল্লিরা এখন খোলা আকাশের নিচেই ওয়াক্তিয়া ও জুমার নামাজ আদায় করছেন। তবে অসহনীয় রোদ কিংবা হুটহাট বৃষ্টি নামলে নামাজ পড়া অসম্ভব হয়ে পড়ে। স্থানীয়রা এই ঐতিহ্যবাহী মসজিদটি সম্পন্ন করতে সমাজের বিত্তবান ও সরকারি সহায়তার আকুতি জানিয়েছেন। মসজিদের নিয়মিত মুসল্লী দেলোয়ার মোল্লা বলেন, আমাদের মসজিদে ভরপুর মুসল্লি থাকে। কিন্তু বর্তমানে মসজিদটির ছাদ না থাকায় অনেক মুসল্লী কমে গেছে। ঝড়, বৃষ্টি ও রোদে নামাজ পড়তে অনেক কষ্ট হয়। মসজিদের ইমাম ও খতিব অলিউল্লা জানান, মসজিদের চতুর্পাশে এক থেকে দেড়শ পরিবার রয়েছে। ওই পরিবারের সদস্যরা এই মসজিদে নামাজ পড়েন। কিন্তু বর্তমানে ছাঁদ না থাকায় ঝড় বৃষ্টিতে তারা নামাজ পড়তে পারেন না। এজন্য দিন দিন মসজিদে মুসল্লির সংখ্যা কমে যাচ্ছে। মসজিদের সহ-সভাপতি হামিদ মিয়া বলেন, মাত্র ৫০ হাজার টাকা দিয়ে মসজিদের কাজ শুরু করেছিলেন। কিন্তু এখন মসজিদের ফান্ডে কোনো টাকা নেই। আশেপাশের সকল পরিবারই গরীব তাদের দেয়া অর্থের মাধ্যমে তারা পিলার পর্যন্ত উঠিয়েছেন। মসজিদের সামান্য যে সম্পদ আছে, তাতে বছরে যে অর্থ আসে তা দিয়ে ইমাম মোয়াজ্জিনের বেতন দেয়াই কষ্টকর হয়। বর্তমানে মসজিদ পৌনে তিন লক্ষ টাকা ঋণে রয়েছে। তাই সমাজের ধনাঢ্য ব্যক্তিদের সহযোগিতা ছাড়া মসজিদের কাজ সম্পন্ন করা সম্ভব নয়। মসজিদের সাধারণ সম্পাদক জামাল উদ্দিন মিয়া বলেন, মসজিদে যে পর্যন্ত কাজ হয়েছে তাতে তারা সাত থেকে আট লক্ষ টাকা ব্যয় করেছেন। বর্তমানে মসজিদ ঋণে রয়েছে। ফান্ডে আপাতত কোনো টাকা নেই। অতিদ্রুত ছাঁদটি দিতে না পারলে মসজিদে মুসল্লির সংখ্যা শূন্য হওয়ার সম্ভাবনা রয়েছে। তাই দেশ ও প্রবাসের সকলকের সহযোগিতা তিনি কামনা করছেন। বিষয়টি কলাপাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা কাউসার হামিদের নজরে আনলে তিনি সহযোগিতার আশ্বাস দিয়েছেন।

কামিল পরীক্ষার ফল প্রকাশ, পাসের হার ৮৯ শতাংশ

কীর্তনখোলা ডেস্ক

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত কামিল মাদরাসাগুলোর দুই বছর মেয়াদি কামিল (স্নাতকোত্তর) পরীক্ষা-২০২৪-এর ফল প্রকাশ করা হয়েছে। এবারের পরীক্ষায় মোট ৮৯ দশমিক ৮২ শতাংশ শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছেন। রোববার (১০ মে) বিকেলে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আবু জাফর খান আনুষ্ঠানিকভাবে এ ফলাফল ঘোষণা করেন। এর আগে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব) ও প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ শহীদুল ইসলাম ভিসির কাছে ফলাফলের কপি হস্তান্তর করেন। পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে ভিসি বলেন, বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ব্যবস্থাপনায় অল্প সময়ের মধ্যে ফল প্রকাশ সম্ভব হয়েছে? সেজন্য সংশ্লিষ্ট সবার আন্তরিক প্রচেষ্টা প্রশংসার দাবিদার।বিশ্ববিদ্যালয়ের মূল লক্ষ্য হলো যথাসময়ে পরীক্ষা গ্রহণ, দ্রুত ও নির্ভুলভাবে ফলাফল প্রকাশ এবং শিক্ষার্থীদের হাতে সময়মতো সনদ ও নম্বরপত্র পৌঁছে দেওয়া। তিনি জানান, বর্তমানে এক বছর মেয়াদি কামিল পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে এবং এ পরীক্ষার ফলও দ্রুত প্রকাশ করা হবে। এসময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার এ এস এম মামুনুর রহমান খলিলী, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) ফাহাদ আহমদ মোমতাজী, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) মো. জিয়াউর রহমানসহ পরীক্ষা দপ্তরের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, এ বছর কামিল পরীক্ষার মেধাতালিকায় চূড়ান্ত বর্ষে দারুননাজাত সিদ্দীকিয়া কামিল মাদরাসা, ছারছীনা দারুসুন্নত কামিল মাদরাসা, ঝালকাঠি এন এস কামিল মাদরাসা শীর্ষস্থান লাভ করেছে। এছাড়াও প্রথম বর্ষে বায়তুশ শরফ আদর্শ কামিল মাদরাসা, সরকারি মাদরাসা-ই-আলিয়া ঢাকা, জামেয়া আহমদিয়া সুন্নিয়া কামিল মাদরাসা শীর্ষস্থানে রয়েছে। সারাদেশের ১৬৭টি কেন্দ্রে এবারের পরীক্ষা অনুষ্ঠিত হয় প্রথম ও চূড়ান্ত বর্ষ মিলিয়ে মোট ৪২ হাজার ৩৩৯ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেন। এর মধ্যে ৩৭ হাজার ৬২২ জন পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন? প্রথম বর্ষে পাসের হার ৮৩.৫১ শতাংশ এবং চূড়ান্ত বর্ষে ৯৬.১২ শতাংশ।

নবম দিনের এসএসসি পরীক্ষায় ৯ শিক্ষার্থী বহিষ্কার, অনুপস্থিত ৩১ হাজার

কীর্তনখোলা ডেস্ক

সারা দেশে নবম দিনের এসএসসি ও সমমান পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এতে নয়টি সাধারণ শিক্ষা বোর্ড, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে মোট ৩১ হাজার ৮৯৮ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। একইসঙ্গে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে সারাদেশে মোট ৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। রোববার (১০ মে) আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি সূত্রে এ তথ্য জানা গেছে। জানা গেছে, রবিবার সাধারণ শিক্ষা বোর্ডে পদার্থবিজ্ঞান, বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা এবং ফিন্যান্স ও ব্যাংকিং পরীক্ষা অনুষ্ঠিত হয়। এছাড়া মাদ্রাসা বোর্ডে হাদিস শরিফ এবং কারিগরি বোর্ডে রসায়ন-২ পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। রবিবারের পরীক্ষায় মোট ১৫ লাখ ৪০ হাজার ৫৭১ জন পরীক্ষার্থীর অংশগ্রহণের কথা ছিল। কিন্তু পরীক্ষায় অংশগ্রহণ করেছেন ১৫ লাখ ৮ হাজার ৬৬৩ জন। এরমধ্যে ঢাকা বোর্ডে ৩ লাখ ৫ হাজার ১৫২ জন পরীক্ষার্থীর মধ্যে পরীক্ষায় অংশগ্রহণ করেছে ৩ লাখ ১ হাজার ৬৫১ জন। অনুপস্থিত ছিল ৩ হাজার ৫০১ জন। রাজশাহী বোর্ডে ১ লাখ ৫০ হাজার ১৩৯ জন পরীক্ষার্থীর মধ্যে অংশগ্রহণ করেছে ১ লাখ ৪৮ হাজার ১৭১ জন। অনুপস্থিত ছিলে ১ হাজার ৯৬৮ জন পরীক্ষার্থী। কুমিল্লা বোর্ডে ১ লাখ ১৭ হাজার ৯৮৩ জন পরীক্ষার্থীর মধ্যে অংশ নিয়েছে ১ লাখ ১৬ হাজার ৬৭৭ জন। অনুপস্থিত ছিল ১ হাজার ৩০৬ জন। এছাড়া যশোর বোর্ডে ১ লাখ ১৩ হাজার ৩৫১ জন পরীক্ষার্থীর মধ্যে অংশ নিয়েছে ১ লাখ ১১ হাজার ৭২৩ জন। অনুপস্থিত ছিল ১ হাজার ৬২৮ জন। অন্যদিকে চট্টগ্রাম বোর্ডে ১ লাখ ১০ হাজার ৯২৭ জন পরীক্ষার্থীর মধ্যে অংশ নিয়েছে ১ লাখ ৯ হাজার ৭১৪ জন। অনুপস্থিত ছিল ১ হাজার ২১৩ জন। সিলেট বোর্ডে ৭১ হাজার ৪৮২ জন পরীক্ষার্থীর মধ্যে অংশ নিয়েছে ৭০ হাজার ৬৮৪ জন। অনুপস্থিত ছিলে ৭৯৮ জন। বরিশাল বোর্ডে ৬৮ হাজার ১৮৭ জন পরীক্ষার্থীর মধ্যে অংশ নিয়েছে ৬৬ হাজার ৮২৮ জন। অনুপস্থিত ছিল ১ হাজার ৩৫৯ জন। দিনাজপুর বোর্ডে ১ লাখ ৪২ হাজার ৩৯২ জন পরীক্ষার্থীর মধ্যে অংশ নিয়েছে ১ লাখ ৪১ হাজার ২৯ জন। অনুপস্থিত ছিল ১ হাজার ৩৬৩ জন। আর ময়মনসিংহ বোর্ডে ৮২ হাজার ৩৭৭ জন পরীক্ষার্থীর মধ্যে অংশ নিয়েছে ৮১ হাজার ৪০০ জন। অনুপস্থিত ছিল ৯৭৭ জন। এর মধ্যে সবচেয়ে বেশি অনুপস্থিতি লক্ষ্য করা গেছে মাদ্রাসা শিক্ষা বোর্ডে। এই বোর্ডে ২ লাখ ৫৪ হাজার ৮১৫ জন পরীক্ষার্থীর মধ্যে ১৩ হাজার ৭৯৭ জন অনুপস্থিত ছিল, যা মোট পরীক্ষার্থীর ৫ দশমিক ৪১ শতাংশ। সর্বশেষ কারিগরি শিক্ষা বোর্ডে অনুপস্থিত ছিল ৩ হাজার ৯৮৮ জন (৩ দশমিক ২২ শতাংশ)। বোর্ডের তথ্য অনুযায়ী, রবিবারের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে সারাদেশে মোট ৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে মাদ্রাসা বোর্ডে ৩ জন, ঢাকা ও যশোর বোর্ডে ২ জন করে এবং সিলেট ও কারিগরি বোর্ডে ১ জন করে পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছেন। তবে পরীক্ষায় কোনো পরিদর্শক বহিষ্কৃত হননি বলে জানা গেছে। আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির তথ্যে আরও জানানো হয়েছে, ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে বিদেশেও নয়টি কেন্দ্র বাদে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

আলোচনায় অগ্রগতি না হলে ‘প্রজেক্ট ফ্রিডম প্লাস’ চালু হবে: ট্রাম্প

কীর্তনখোলা ডেস্ক

ইরানের সঙ্গে চলমান আলোচনায় অগ্রগতি না হলে অপারেশন প্রজেক্ট ফ্রিডম আবারও শুরু করতে পারে যুক্তরাষ্ট্র। এবারে অভিযানের নাম দেওয়া হয়েছে ‘প্রজেক্ট ফ্রিডম প্লাস’। এই অভিযানের লক্ষ্য হবে হরমুজ প্রণালি দিয়ে জাহাজ ৩ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ সোমবার ॥ ১১ মে ২০২৬ ॥ ২৮ বৈশাখ ১৪৩৩

পাকিস্তানের মাধ্যমে মার্কিন প্রস্তাবের জবাব দিল ইরান

কীর্তনখোলা ডেস্ক

চলমান যুদ্ধ অবসানে যুক্তরাষ্ট্রের দেওয়া সর্বশেষ প্রস্তাবের আনুষ্ঠানিক জবাব দিয়েছে ইরান। রোববার মধ্যস্থতাকারী দেশ পাকিস্তানের মাধ্যমে এই প্রতিক্রিয়া পাঠানো হয়েছে বলে জানিয়েছে ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যম। ইরানের ৩ এর পাতায় দেখুন

বরিশালের ৪ জেলাসহ দেশের বিভিন্ন জেলায়

সাগর-নদীতে নৌবাহিনীর অভিযান ৬৭৩ কোটি টাকার নিষিদ্ধ জাল জব্দ

কীর্তনখোলা রিপোর্ট

দেশের মৎস্যসম্পদ সংরক্ষণ, জাটকা নিধন প্রতিরোধ এবং বঙ্গোপসাগরে নিষিদ্ধ সময়ে মাছ আহরণ ঠেকাতে অভিযান চালাচ্ছে বাংলাদেশ নৌবাহিনী। চলমান বিভিন্ন অভিযানে এখন পর্যন্ত প্রায় ৬৭৩ কোটি টাকার বেশি মূল্যের অবৈধ জাল জব্দ করা হয়েছে। একইসঙ্গে জব্দ করা হয়েছে হাজার হাজার নিষিদ্ধ জাল, বোট এবং বিপুল পরিমাণ জাটকা। রোববার (১০ মে) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে আইএসপিআর। আইএসপিআর জানায়, দেশের সমুদ্রসীমা, সামুদ্রিক সম্পদ এবং জাতীয় অর্থনৈতিক স্বার্থ রক্ষায় বাংলাদেশ নৌবাহিনী নিরবচ্ছিন্নভাবে দায়িত্ব পালন করে ৩ এর পাতায় দেখুন

মঠবাড়িয়ায় গৃহবধূকে গলাটিপে হত্যার অভিযোগ

মঠবাড়িয়া প্রতিনিধি

পিরোজপুরের মঠবাড়িয়ায় খালেদা বেগম (২৪) নামে এক সন্তানের জননীকে হত্যার অভিযোগ উঠেছে শ্বশুর, শাশুড়ী ও দেবরের বিরুদ্ধে। রোববার সকাল ৯টার দিকে ঘটনাটি ঘটেছে উপজেলার সদর ইউনিয়নের উত্তর মিঠাখালী গ্রামে। খবর পেয়ে থানা পুলিশ নিহত খালেদার লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য দুপুরে পিরোজপুর জেলা মর্গে প্রেরণ করেছেন। নিহতের চাচা জসিম বিশ্বাস জানান, প্রায় তিন বছর পূর্বে উপজেলার উত্তর মিঠাখালী গ্রামের ছগির ঘরামীর পুত্র আ: রাজ্জাক ঘরামীর সাথে খালেদার বিয়ে হয়ে। বর্তমানে তাদের জাইফা নামে দেড় বছরের একটি কন্যা সন্তান রয়েছে। খালেদার স্বামী আ: রাজ্জাক চট্টগ্রামে একটি কোম্পানিতে চাকুরি করেন। ৩ এর পাতায় দেখুন

বরগুনা এলজিইডি: ৩৬ কোটি টাকার টেন্ডারে স্বজনপ্রীতি প্রকৌশলীদের

আমতলী প্রতিনিধি

বরগুনার আমতলী ও তালতলী উপজেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়নের ৩৬ কোটি টাকার চারটি প্রকল্পে অনিয়ম ও স্বজনপ্রীতির অভিযোগ উঠেছে। দরপত্র (টেন্ডার) আহ্বানের পর স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) বরগুনার নির্বাহী প্রকৌশলীসহ তিন কর্মকর্তা তাঁদের আত্মীয় ও আওয়ামী লীগ নেতার ঠিকাদারি প্রতিষ্ঠানকে কাজ পাইয়ে দেন। এলজিইডির প্রধান কার্যালয়ে এমন অভিযোগ করা হয়েছে। এ বিষয়ে তদন্ত কমিটিও গঠন করা হয়েছে। তালতলীর বাসিন্দা ওমর আব্দুল্লাহ শাহীন সম্প্রতি এলজিইডির প্রধান কার্যালয়ে এই অভিযোগ করেছেন। তিনি বিএনপির প্রয়াত মহাসচিব খন্দকার ৩ এর পাতায় দেখুন

জেলায় শ্রেষ্ঠ খেলোয়ার ও শ্রেষ্ঠ গোলদাতা নাদিরা অংশ নেবে বরিশালে

ভাণ্ডারিয়া প্রতিনিধি

‘ক্রীড়া হলে পেশা,পরিবার পাবে ভরসা’ এ প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে গতকাল রবিবার পিরোজপুর জেলা পর্যায়ে বিভিন্ন ইভেন্টে প্রতিযোগিতা মূলক‘নতুন কুড়ি স্পোর্টস-২০২৬শেষ হয়েছে। জেলা পর্যায়ে শ্রেষ্ঠ দল বা ব্যক্তি আগামী ১৫মে বরিশাল বিভাগীয় পর্যায় অংশ নেবে। এতে ফুটবলে পিরোজপুরের ভাণ্ডারিয়া উপজেলার ৭নম্বর গৌরীপুর ইউনিয়নের ৬নম্বর ওয়ার্ডের উত্তর পৈকখালী গ্রামের দিন মজুর মো.দুলাল আকন এবং শাহিদা আক্তার দম্পতির তিন ছেলে ও মেয়েসহ চার সন্তানের মধ্যে তৃতীয় সন্তান ‘ভাণ্ডারিয়া মজিদা বেগম বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের ৩ এর পাতায় দেখুন

২৫ রোগীর জন্য দুটি ফ্যান হাসপাতালে রোগীদের দুর্ভোগ

বোরহানউদ্দিন প্রতিনিধি

ভোলার বোরহান উদ্দিন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগীর অতিরিক্ত চাপের মধ্যে তীব্র ভোগান্তির অভিযোগ উঠেছে। হাসপাতালের করিডোর ও ওয়ার্ডে ২০ থেকে ২৫ জন রোগীর জন্য মাত্র দুটি ফ্যান চলতে দেখা গেছে। এতে প্রচণ্ড গরমে রোগী ও তাদের স্বজনরা চরম দুর্ভোগে পড়েছেন। সরেজমিনে দেখা যায়, ওয়ার্ডজুড়ে রোগীর ভিড় থাকলেও পর্যাপ্ত ফ্যানের ব্যবস্থা নেই। দুটি ফ্যানের বাতাস কিছু রোগী পেলেও অধিকাংশ রোগীই গরমে কষ্ট পাচ্ছেন। বিশেষ করে শিশু, বয়স্ক ও গুরুতর অসুস্থ রোগীদের অবস্থা আরও খারাপ হয়ে পড়েছে। অনেক স্বজনকে রোগীদের হাতপাখা ৩ এর পাতায় দেখুন

কাউখালীতে চোরচক্রের মূল হোতা দেলোয়ার গ্রেফতার

কাউখালী প্রতিনিধি

পিরোজপুরের কাউখালীতে চোরচক্রের মূল হোতা দেলোয়ার হোসেনকে (৪৭) গ্রেফতার করেছে পুলিশ। রোববার (১০ মে) ভোরে উপজেলার সদর ইউনিয়নের নাঙ্গুলি এলাকায় অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। পুলিশ সূত্রে জানা যায়, কাউখালী থানার এসআই দীপক বালার নেতৃত্বে সঙ্গীয় ফোর্স নাঙ্গুলী এলাকায় গরু চুরির খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছে অভিযান পরিচালনা করে। এসময় পার্শ্ববর্তী নেছারাবাদ উপজেলার সাগরকান্দা গ্রামের মোতালেব হাওলাদারের ছেলে ও চিহ্নিত চোরচক্রের মূল হোতা দেলোয়ার হোসেনকে গ্রেফতার করা হয়। স্থানীয় সূত্রে জানা গেছে, দেলোয়ার দীর্ঘদিন ধরে বিভিন্ন এলাকায় চুরি, ছিনতাই ও অন্যান্য অপরাধমূলক কর্মকাণ্ডের সাথে জড়িত বলে অভিযোগ রয়েছে। তার বিরুদ্ধে একাধিক মামলাও রয়েছে বলে জানিয়েছে ৩ এর পাতায় দেখুন

পানি তোলার গভীর নলকূপ থেকে বের হচ্ছে গ্যাস, এলাকায় চাঞ্চল্য

রাঙ্গাবালী প্রতিনিধি

পটুয়াখালীর রাঙ্গাবালী উপজেলার সদর ইউনিয়নের দক্ষিণ কাজির হাওলা গ্রামে নতুন বসানো একটি গভীর নলকূপ থেকে গ্যাস নির্গত হয়ে আগুন জ্বলার ঘটনা ঘটেছে। স্থানীয়দের দাবি, নলকূপের পাইপের ভেতরে বুদবুদ শব্দ শোনা যাচ্ছে এবং পাশ থেকে নির্গত গ্যাসে আগুন জ্বালানো সম্ভব হচ্ছে। স্থানীয়রা জানান, শুক্রবার নলকূপ বসানোর কাজ শেষ হওয়ার পর শনিবার দুপুরে প্রথম পাইপের ভেতর থেকে অস্বাভাবিক শব্দ শোনা যায়। পরে পাইপের পাশের অংশে আগুন ধরালে তা জ্বলে ওঠে। এমনকি ওই আগুনে চা বানিয়ে খাওয়ার ঘটনাও ঘটেছে বলে দাবি করেন কয়েকজন প্রত্যক্ষদর্শী। এরপর থেকে ঘটনাটি এলাকায় ব্যাপক কৌতূহল ৩ এর পাতায় দেখুন

ধর্ষণে অন্তঃসত্ত্বা কিশোরী, সন্তান জন্মের পর আসামি গ্রেফতার

মুলাদী প্রতিনিধি

বরিশালের মুলাদী থানার একটি ধর্ষণ মামলার প্রধান আসামি জিসানকে চট্টগ্রাম নগরের খুলশী এলাকা থেকে গ্রেফতার করেছে র‍্যাব-৭। শনিবার (৯ মে) সকালে খুলশী থানাধীন ইউনেস্কো শপিং মলের সামনে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতার জিসানের (২৪) বাড়ি বরিশাল জেলার মুলাদী উপজেলায়। র‍্যাব জানায়, বরিশালের মুলাদী উপজেলার এক কিশোরীকে ধর্ষণের অভিযোগে দায়ের করা মামলার প্রধান আসামি জিসান চট্টগ্রামে আত্মগোপনে রয়েছেন এমন তথ্যের ৩ এর পাতায় দেখুন

ঝালকাঠিতে জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠিতে জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। জেলা প্রশাসনের আয়োজনে রোববার বেলা ১১টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক মো. মমিন উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রধান অতিথি ছিলেন কমিটির উপদেষ্টা ঝালকাঠি ২ আসনের সংসদ সদস্য ইসরাত সুলতানা ইলেন ভুট্টো। সভায় আরও উপস্থিত ছিলেন সিভিল সার্জন ডা. মোহাম্মদ হুমায়ুন কবির, অতিরিক্ত পুলিশ সুপার মোহাম্মদ সাইফুল ইসলাম, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সেগুফতা মেহনাজ, রাজাপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা রিফাত আরা মৌরি, জেলা জজ আদালতের পাবলিক প্রসিকিউটর অ্যাড. মো. মাহেব হোসেন প্রমুখ। জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি, মাদক নিয়ন্ত্রণ, চুরি-ডাকাতি প্রতিরোধ, কৃষি ও মৎস্য খাতের উন্নয়ন, বাজার তদারকি, যানজট নিরসন, শিক্ষা প্রতিষ্ঠানের পরিবেশ, কিশোর গ্যাং দমন, নদী দখলসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় ৩ এর পাতায় দেখুন

১৫০ বছরের ইতিহাস, অথচ মাথার ওপর নেই ছাদ

কলাপাড়া প্রতিনিধি

পটুয়াখালীর কলাপাড়ায় দেড়শ বছরের পুরোনো ঐতিহ্যবাহী একটি মসজিদে মুসল্লিদের ইবাদত চলছে এখন খোলা আকাশের নিচে। উপজেলার নীলগঞ্জ ইউনিয়নের সলিমপুর গ্রামে অবস্থিত এই মসজিদটি স্থানীয়দের কাছে ‘খায়গো বাড়ির মসজিদ’ নামে পরিচিত। দেড়শ বছরের ইতিহাস থাকলেও বর্তমানে কোনো ছাদ না থাকায় রোদ-বৃষ্টি মাথায় নিয়েই নামাজ আদায় করতে হচ্ছে গ্রামবাসী ও মুসল্লিদের। স্থানীয় সূত্রে জানা যায়, প্রায় ১৫০ বছর আগে জনৈক বাবুখাঁ নামের এক ব্যক্তি প্রথমে খড় ও বাঁশ দিয়ে মসজিদটি নির্মাণ করেন। সময়ের সঙ্গে পরিবর্তনের ছোঁয়ায় ৩ এর পাতায় দেখুন

নববধূকে পুকুর থেকে তুলে ধর্ষণ চেষ্টা, অটোচালক গ্রেফতার

নেছারাবাদ প্রতিনিধি

নেছারাবাদ উপজেলার সারেংকাঠী গ্রামে পুকুরে গোসল করতে গিয়ে এক নববধূকে জোরপূর্বক ধরে নিয়ে ধর্ষণ চেষ্টার অভিযোগ উঠেছে স্থানীয় এক অটোচালকের বিরুদ্ধে। এ ঘটনায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা দায়েরের পর অভিযুক্তকে গ্রেফতার করেছে পুলিশ। শনিবার সন্ধ্যায় ভুক্তভোগীর স্বামী মোঃ সলেমান হাওলাদার বাদী হয়ে নেছারাবাদ থানায় মামলাটি দায়ের করেন। মামলার আসামী উপজেলার সারেংকাঠী গ্রামের ৫ নম্বর ওয়ার্ডের নুরুল হক শেখের ছেলে খোকন হাওলাদার। পরে পুলিশ তাকে গ্রেফতার করে রবিবার সকালে পিরোজপুর আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠায়। মামলার এজাহার সূত্রে জানা যায়, ওই নববধূর স্বামী মোঃ সলেমান হাওলাদার জীবিকার তাগিদে ঢাকায় রিকশা চালান। ৩ এর পাতায় দেখুন

ম্যানেজিং কমিটির সভাপতির স্বাক্ষর জাল করায় দুই মাদরাসা শিক্ষক কারাগারে

নলছিটি প্রতিনিধি

ঝালকাঠির নলছিটি উপজেলার অনুরাগ গৌরীপাশা আল হাসান দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটির সভাপতি আব্দুল্লাহ আল মামুনের স্বাক্ষর জাল ২ লাখ ৭৩ হাজার ৪ শত ৫ টাকার ভুয়া বিল-ভাউচার ব্যাংকে দাখিলের ঘটনায় ওই মাদরাসার দুই শিক্ষককে কারাগারে পাঠিয়েছে আদালত। রোববার (১০ মে) দুপুরে তাদেরকে কারাগারে পাঠান ঝালকাঠির চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এইচ এম কবির হোসেন। কারাগারে যাওয়া শিক্ষকরা হলেন ওই মাদরাসার কম্পিউটার শিক্ষক মো. নুরুল আমিন মুন্সী ও সহকারী শিক্ষক মো. মনিরুল ইসলাম। মামলার বাদী মাদরাসা ম্যানেজিং কমিটির সভাপতি আব্দুল্লাহ আল মামুনের আইনজীবী মিজানুর রহমান মুবিন জানান, ২০২৪ সালের ১২ আগস্ট ওই ২ শিক্ষক বাদীর স্বাক্ষর ৩ এর পাতায় দেখুন

পিরোজপুরের মরিচের ঝাঁজ চীন-জাপান-থাইল্যান্ডে

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুরে উৎপাদিত ঘৃত্তকুমারী জাতের মরিচ দেশ ছাড়িয়ে বিদেশের বাজারে সম্ভাবনা তৈরি করেছে। বিশেষ জাতের এই মরিচ চীন, জাপান ও থাইল্যান্ডসহ বিভিন্ন দেশে রপ্তানি হচ্ছে। মরিচ ব্যবসার সঙ্গে জড়িত কয়েক হাজার পরিবার আর্থিকভাবে স্বাবলম্বী হয়ে উঠেছে। জেলার অধিকাংশ পরিবার নিজেদের চাহিদা মেটাতে বাড়ির আঙিনায় বোম্বাই মরিচ গাছ রোপণ করে থাকে। তবে নেছারাবাদ ও নাজিরপুর উপজেলার বিভিন্ন গ্রামে এটি এখন বাণিজ্যিক আকার ধারণ করেছে। প্রথমে পারিবারিক চাহিদা পূরণের জন্য চাষ শুরু হলেও ধীরে ধীরে এর লাভজনক দিক বিবেচনায় কৃষকরা ব্যাপকভাবে চাষাবাদে আগ্রহী হয়ে ওঠেন। নেছারাবাদ ৩ এর পাতায় দেখুন

পটুয়াখালীতে চড়া মাছের বাজার, বিপাকে ভোক্তা

পটুয়াখালী প্রতিনিধি

কিছুদিন আগেও জমজমাট ছিল পটুয়াখালী নিউ মার্কেট, হেতালিয়াবাদ ঘাটসহ জেলার সব মাছের আড়ত। তবে মাছের উৎপাদন বাড়াতে ১৫ এপ্রিল থেকে ১১ জুন পর্যন্ত সমুদ্রে ৫৮ দিন মাছ ধরা বন্ধ রয়েছে। এই নিষেধাজ্ঞার প্রভাব পড়েছে পটুয়াখালীর সব পাইকারি মাছের বাজারে। ফলে সাধারণ মানুষকে এখন চাষের মাছের ওপরই বেশি নির্ভর করতে হচ্ছে। বাজার ঘুরে দেখা যায়, চাহিদা অনুযায়ী মাছ থাকলেও রুপালি ইলিশ মিলছে না। সামুদ্রিক মাছ না থাকায় বাজারে এখন চাষের মাছের আধিক্য। রুই, কাতল, মৃগেল, পাঙাশসহ নানা ধরনের মাছ বিক্রি হচ্ছে। সরবরাহ কম থাকায় কয়েক ৩ এর পাতায় দেখুন

বাংলাদেশ শিশু একাডেমি বরিশাল অফিসের লাইব্রেরিয়ান-কাম-মিউজিয়াম কিপার কবির হোসেনকে বদলিজনিত বিদায় সংবর্ধনা প্রদান করা হয় **-কীর্তনখোলা**

মঠবাড়িয়ায় ১৩ মণ মাছের রেণু জব্দ, ৭ জেলের কারাদণ্ড

মঠবাড়িয়া প্রতিনিধি

পিরোজপুরের মঠবাড়িয়ায় ৫ লাখ টাকা মূল্যের ১৩ মণ ফাইসা মাছের রেনু পাচারকালে সাতজন পাচারকারীকে আটক করেছে কোস্টগার্ড। পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে আটক প্রত্যেককে ১৭ দিনের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়। রোববার (১০ মে ২৬) দুপুরে তাদের কারাদণ্ড দেওয়া হয়। এর আগে শনিবার (৯ মে) গভীর রাতে উপজেলার বড়মাছুয়া ব্রিজ সংলগ্ন এলাকা থেকে ১৩ মণ ওজনের ২ লাখ ৫০ হাজার পিস ফাইসা ও বাটা মাছের রেনুসহ তাদের আটক করা হয়। ভ্রাম্যমাণ ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com